क्रवज्ञा

শ্রীঅখিল নিয়োগী

ভেভেনহাম এণ্ড কোং কলিকাতা দীপালীর কর্ণধার শ্রীযুক্ত বসস্ত কুমার চট্টো-পাধ্যায়ের আন্তরিক উৎসাহে ও তাগিদে এই গল্প লিখিত এবং ধারাবাহিক ভাবে দীপালীতে প্রকাশিত হয়

এর প্রত্যেকটি অধ্যায় এক একটি সম্পূর্ণ গল্প।
আনেকগুলি গল্পের প্লট পেয়েছি আমার অভিন্ন-হৃদয়
বন্ধু—তর্ন বাঙলার শ্রেষ্ঠ নাট্যকার মন্মথ রায়ের
কাছ থেকে।

বন্ধবর নির্মাল গুহ এর প্রকাশের ভার গ্রহণ করেছিলেন এবং এর মুদ্রণ সৌষ্ঠবের দিকে বিশেষ দৃষ্টি দিয়েছিলেন।

তাঁকে সাহায্য করেছেন মাসপয়লা সম্পাদক বন্ধুবর ক্ষিতীশ চক্র ভট্টাচার্গ্য।

क्रविक्रमा

এক

চৌধুরীদের বাড়ীতে আজ সকাল থেকে দলে দলে লোকজনের আনাগোনা স্তরু হয়েছে।

ঠ্যা, কারণ আছে বই কি।

নইলে—একসঙ্গে এতগুলো লোকের এত কৌতূহল কেন ?

আমরা কিন্তু এর যথার্থ কারণ এরই মধ্যে বাড়ী ভেতর থেকে জেনে এসেছি।

রদ্ধ বয়সে চৌধুরী-গিন্নির নাকি ছেলে হ'বে। একটি মাত্র মেয়ে—তার বিয়ে হ'য়ে গেলে—এভ বড সংসারে—বাতি দিতে কেউ থাক্বে না।

পুন্নাম নরকের ভয়ে চৌধুরীর নিটোল গৌরবর্ণ চেহার: দিনকে—দিন চুপ্সে যাচ্ছিল—ঠিক এই সময় স্থসংবাদ!

কাজেই লোকজনের ভীড় একটু হ'বে বৈ কি!

সাতদিন আগে থেকে—সল্তে পাকাতে পাকাতে পিসিমার বেতো হাঁটতে ব্যথা ধরে গেছে।

চৌধুরী মশায়ের ছোট ভাই নিশি, কল্কাতায় আই, এ, পড়ে—রবি ঠাকুরের 'নটীর পূজা' অভিনয় দেখে



অবধি তাকে 'ওরিয়েন্টালের' বাতিকে ধরেছে। সদ্ধ্যের মুখে কোথেকে এক রাশ পদ্ম নিয়ে এসে হাজির।

নিশি উঠোন থেকে ঠাক দিয়ে বলে, রাণু, শিগ্গীর আয়—এই পদাগুলো আঁতুড় ঘরের চারদিক দিয়ে সাজিয়ে দেবো। খোকা যখন হ'বে—একেবারে ভূর্-ভূরে পদা-গদ্ধ পেয়ে অবাক্ হ'য়ে যাবে!—না, ভূই

হাসিস্নে—স্বর্গে নন্দন-বনের পারিজাতের গদ্ধ শোকার অভ্যেস—! তা' পদ্ম-গদ্ধও নেহাৎ মন্দ লাগ্বে না— কি বলিস ?

রাণু কি একটা ছেলেদের মাসিকপত্র ওল্টাচ্ছিল,
মুখখানা তুলেই বল্লে, আমি এখন পার্বোনা—ছোট
কাকা—

নিশি রেগে উঠে বল্লে, কেন কি কচ্ছিস্ তুই ওধানে বসে বসে ?

রাণু অবাক্ হ'বার ভান্ করে বল্লে, বা—রে—তা-ও
জাননা ? তিন বছরের পুরাণো "সন্দেশ" এক সঙ্গে করে
—ধাঁধার উত্তর দাতাদের নাম দেখ্ছি—

এবার নিশির অবাক্ হ'বার পালা ! বলে, কেন রে ।
ধাঁধার উত্তর দাতা দিয়ে তুই কি করবি ?

গিন্নি-বান্নির মতো মুখ করে রাণু বল্লে, কি কর্ব ?—
তা তুমি বুঝ্বে কি ? খোকার একটা চমৎকার নাম
রাখ্তে হ'বে না ?

নিশি হো-হো করে ছেসে উঠ্ল ! তাই বুঝি তুই ধাধার উত্তর দাতার নাম খুঁজে বেড়াচ্ছিস্ ?

কোঁদ্ করে উঠে রাণু বল্লে, তা বেড়াবো না'ত কি ? সেকেলে—যা-তা একটা বাজে নাম'ত রাশ্তে পারিনে!

নিশি বলে, আচ্ছা রাণু, খোকা না হয়ে যদি খুকু হয় ? রাণু মাথা ছলিয়ে বলে, ইস্ !—গণকঠাকুর ওবেলা এসে—হাতগুণে বাবাকে বলে গেছে—এবার হ'বে—খোকা—একটি টুক্টুকে—মেলিক্সফুডের মতো খোকা।

নিশি বল্লে, তার চাইতে এক কাজ কর্না—ম্যাট্র-কুলেশানের গেজেট আনিয়ে নে না—

্রাণু কাগজগুলো ফেলে লাফিয়ে উঠে বল্লে, সভিঃ আনিয়ে দেবে ছোট কাকা ?

নিশি বল্লে, বয়ে গেছে আমার গেজেট খুঁজ্তে! দ্লুম আমি এখন পদ্ম সাজাতে!

ি পিসিমা হাঁ—হাঁ—করে ছুটে এসে বল্লে, একি কচ্ছিদ্ নিশি ?

নিশি আপন মনে পদ্ম সাজাতে সাজাতে বল্লে, ও তুমি বুঝ্বে না—'ওরিয়েণ্টাল আটমস্ফিয়ার' তৈরী কচ্ছি—

পিসিমা মুখ বেঁকিয়ে বলে, ছাই কচছ! পদ্মের গন্ধ পেয়ে সাপ আস্বে ষে! কি দন্তি ছেলেরে বাপু—একটা অলক্ষুণে কাণ্ড না বাঁধিয়ে এরা ছাড়্বে না!

ওদিকে আর এক কাও!

বাড়ীর পুরানো চাকর বংশী এক পাল ছাগলের গলায় দড়ি বেঁখে টান্তে টান্তে এনে হাজির।

রাণু ছুট্তে ছুট্তে এসে বল্লে, এ'ত ছাগল কি হ'বে বংশীদা—? স্বামি পুষ্বো।



বংশী সবাইকে ডেকে—জড় করে—পিসিমাকে উদ্দেশ করে বল্লে, শোন পিসিমা, খোকাকে কিন্তু মাইয়ের তুধ খাওয়াতে দেবো না—

পিসিমা চোধ ছটো কপালে তুলে বল্লে, সে কি বংশী ?—তার জত্যে কি তোরা মাংস-ভাতের ব্যবস্থা কচ্ছিস ?

ক্ষণজন্মা

माथा त्नरफ़ रश्नी तरल, ना शिशिमा ना। शास्त हागरनत क्थ; चात्र किष्कृ नग्न।

পিসিমা বলে, কি তুই বলিস্ ?—ছাগলের তথ ওর পেটে সইবে কেন ?

বংশী বল্লে, না, সইবে না আবার! মহাত্মা গান্ধীর
নাম শুনেছ? মহাত্মা ছাগলের ত্র্য খেরে থাকেন।
বুঝালে? আমি খোকনকে এখন থেকেই মহাত্মা করে
ভুলবো। দেখবে একদিন তোমরা এই খোকনের নামে
গোটা ভারতবর্ষ তুলে উঠুবে।

ঠিক এমনি সময় আঁতুড় ঘরের ভেতর কালা শোনা গেল—ওঁয়া-ওঁয়া-ওঁয়া—

পিসিমা চেঁচিয়ে উঠলেন—ওরে ও রাণু, শাঁখ বাজা—
শুধু শাঁখ নয়—বাইরেকার উঠোনে ঢাক—ঢোল—
শানাই-ওয়ালারাও তৈরী হয়েছিল। তাদের ঐক্যতানবাদনে গোটা গ্রামটা কেঁপে উঠল।

পিসিমা খাঁতুড় দরের হাত সাতেক তকাৎ থেকে ডেকে বল্লে, ও—বি, ও—দাই—কি হ'ল ?

ভেতর থেকে জ্বাব এলো—খোকা গো—দিব্যি ফুটফুটে ছেলে।

রাণু উল্লাসে চীৎকার করে উঠ্ল। তার পর

ক্ষণজন্ম

'সন্দেশের' পাতায় আবার ভালো করে মনোনিবেশ করলে।

পিসিমা বল্লে, ও—দাই খোকার মূখে মধু দাও।

মধু পেয়ে খোকা ভয়ানক কান্না স্থক করলে। ওঁরা

—ওঁরা—ওঁরা—

পিসিমা এগিয়ে এসে বল্লে, মুখে মিষ্টি পেয়ে খোকা কাঁদছে কেন ? দাই বল্লে, মধু কোথায় গো ? পিসিমা জবাব দিলে, কেন কি দিলে ওর জিবে ? দাই চেঠিয়ে উঠে বল্লে—ওমা—এযে রেডির তেল !

সেই যে খোকা—রেড়ির তেলে যার মূখ মিষ্টি হ'য়েছিল, তারই আজ মুখে ভাত।

ছোট গ্রামখানি বোধ করি এত বড় ধূমধাম জীবনে দেখেনি।

্তা পৃমধাম হ'বেই বা না কেন ? একে চৌধুরী বাড়ীর ব্যাপার, তার ওপর চৌধুরী মশায়ের শেষ বয়েসের ছেলে।

একেবারে যক্তি ব্যাপার বললেও চলে। হারাধন স্কার সাত দিন আগে থেকে চৌধুরী মশায়ের এলাকার সমস্ত হাটে ঢোল দিয়ে দিয়েছে—মাছ চাই।

আর কি রক্ষে আছে ?

সকাল থেকে বাড়ীর উঠোনে—রুই, কাত্লা, চিতোল, বোয়ালে একেবারে ভর্তি হ'য়ে উঠেছে। তবু আসছে—ঝা্কায়, বাঁকে এবং পিঠে চেপে—ছোট, বড়, মাঝারি—নানা রকমের মাছ।

প্রবীণরা মাথা ঘামাচ্ছেন,—এরপর এ মূলুকে নিরা-মিষ আহার প্রচলিত হ'বে কিনা।

ভট্চায্যি মশায়ের তৃতীয় পক্ষের অর্দাঙ্গিনীর আবার মাছ নইলে মুখে অন্ন ওঠে না। তাই তাঁরই ভয় সব চাইতে বেশী। ভট্চাজ সরকারকে ডেকে পিঠ চাপ্ড়ে বল্লেন—হাঁ৷ হারাধন, মুনিবের নাম রাখলে বটে তুমি। এত মাছ একসঙ্গে দেখেছি বলে ত—

বলেই পার্শ্ববর্ত্তী বিপিন চাটুয্যেকে ঠেলা দিয়ে বল্লেন —কী বল হে চাটুষ্যে হেঁ—হেঁ—

চাটুযো তখন ইলিশ নাছের মুড়োর সঙ্গে কচুর শাক কি রক্ম উপাদেয় হয়—দেই গভীর গবেষণা নিয়ে বাস্ত ছিলেন, ভট্চায্যির হাত এড়াবার জভ্যে মাথা নেড়ে বল্লেন, হেঁ হেঁ—তা' বৈ কী, তা' বৈ কী!

ভট্চায্যি তথন হারাধনকে ডেকে চুপি চুপি বল্লেন, গোটা কয়েক পোনা পাঠিয়ে দাও না হে—আমার ওখানে, জান তো তোমার বৌ ঠাক্রণ মাছের আঁশ দিয়ে ভাত খেতে পারে।

ভটচাজ্ গিন্ধি যে কী পারেন এবং কী পারেন না, তা' হারাধন সরকারের ভাল রকমেই জানা ছিল। মাথা নেড়ে বল্লে, তা' দেবো পাঠিয়ে ঠাকুর মশায়—কত মাছ চিলে নিয়ে যাচ্ছে—তা বৌ ঠাক্রণ খাবেন, এ ত সোভাগ্যের কথা।

ক্ষণজন্মা

মাছ কোটার ভার নিয়েছিল, রাধু শিকদার; আর ভার সহকারীরূপে ছিল, ও পাডার ক্ষ্যান্ত।

একসঙ্গে খান বিশেক আঁশ-বঁটি উঠোনের উপর সারে সারে বসে গেছে। কোমরে গাম্ছা জড়িয়ে, হাতে তঁকা নিয়ে রাধু শিকদার সকলকার খবরদারী ক'রে বেড়াচ্ছে। আর মাঝে মাঝে ক্ষ্যান্তকে আড়ালে ডেকে কি ক'রে পুকুর ঘাটে মাছ ধোবার সময় হাত সাফাই ক'রতে হয়. তারই সতপদেশ দিচ্ছে।

ওদিকে আবার আর এক বিরাট ব্যাপার!নামকরণের উৎসব।

শ্রীকৃষ্ণের শতনাম রাধবার সময় সত্যি সত্যিই একশ প্রাধীপ জলেছিল কি না, আমার ঠিক জানা নেই! মহাভারত-প্রণেতা বেদব্যাসও সে সম্বন্ধে নিশ্চয় ক'রে কিছু বলে যান নি!

কিন্তু আমাদের চৌধুরী বাড়ীর এই নবজাত শিশুটির নামকরণের জন্ম যে প্রদীপগুলি জালানো হ'য়েছিল, তার সংখ্যা নির্ণয় কর্বার জন্মে সত্যি একজন সরকারের দরকার।

এ সব বৃহৎ ব্যাপারে তা না হওয়াই তো আশ্চর্য্য ! স্বয়ং চৌধুরী মশাই থেকে স্থুক করে—মা, ঠাকুমা,

পিসিমা, দিদিমা, নিশি কাকু, রামু দিদি, মায় বংশী চাকর আর হারাধন সরকারও প্রত্যেকে এক একটি নামের প্রদীপ জালিয়েছে।



যে প্রদীপটি বেশী দপ্দপ্করে জলবে, সেই নামেই নব-জাত শিশু পৃথিবীতে পরিচিত হ'বে।

রাণু পুরুত ঠাকুরের সাম্নে হুম্ড়ি খেয়ে বসে
আছে—ও পুরুতদা আমার নামের প্রদীপটাতে ঘি বেশী
করে দিও—ওটা কিন্তু দপ্দপ্করে জলা চাই, নইলে
কিন্তু আমি তোমার আর পাকা চুল তুলে দোবো না—

বংশী চাকরও কম যায় না। আগে থেকেই সে ঠাকরকে আফিমের লোভ দেখিয়ে রেখেছে। সন্ধার মুখে ঐ পদার্থটি না হ'লে পুরুতদার ঠিক আমেজ আসে না। সেদিক দিয়েও প্রলোভন বড় কম নয়।

কিন্তু কিছুতেই কিছু নয়। লোকে বলে ধর্ম্মের ঢাক বাতাসে বাজে।

নাম উঠল হারাধন সরকারের। পেলবকুমারও নয়, গর্জ্জন সিংহও নয়—একেবারে সোজাস্থজি গণেশচক্র।

রাণু তপ্ত-ভাজা খৈয়ের মতো ছট্কে উঠে বল্লে,—
বেমন হারাধন, তেমনি আমাদের পুরুতদা—নাম হ'ল
গোবর গণেশ! আমি বলে দিচ্ছি, ও নাম রাখা চল্বে
না—চল্বে না—চল্বে না। বলে, সে কোঁকড়া চুল
দোলাতে দোলাতে বাড়ীর ভেতরে চলে গেল।

ব্রাহ্মণের হাতের অনুষ্ঠান অস্বীকার করবার উপায় ত'নেই।

যাই হোক, রাণুকে বুঝিয়ে কোনো রকমে ঠাওা করে নামাকরণ সমাপ্ত হ'ল।

আবার মুখে ভাত নিয়ে গোলমাল।


নিশি একমাস আগে স্যাকরা বাড়ী থেকে রূপার চামচ তৈরী করে এনেছে, এই দিয়ে নাকি সে খোকার মুখে ভাত দেবে। সে ক্রমাগত স্বাইকে শাসিয়ে বেড়াচ্ছে—এ আর চালাকি নয়; প্রথম থেকেই অক্ষরে অক্ষরে মিলিয়ে দেবো—"Born with a silver spoon in his mouth."

পরে যখন খোকার জীবনী লেখা হ'বে, এ কথাটি বাদ দিলে কোনো মতেই চলবে না।

নিশির ধনুক-ভাঙ্গা পণ। তার কাছে কেউ এগুতে সাহস ক'রলে না।

অন্নপ্রাশনের পর খোকা ঘরে শুরে আপন মনে খেল। কর্ছিল, রাণু চুপি চুপি এসে তার মুখে একটু পায়েস দিলে।

তার থানিক বাদেই পিসি এদিক ওদিক তাকিয়ে ঘরে ঢুক্লো। মুখে দিল একটু ঘন হথের সর। তারপর



পেটফুলে জয়-ঢাক

দিদিমা, ঠাকুমা, ক্ষ্যান্ত, বংশী চাকর—সবাই আঁচলের তলায় করে কি নিয়ে ঘরে ঢোকে আর স্থড়ুৎ স্থড়ুৎ বেড়িয়ে আসে, পাছে কেউ দেখতে পায়!

क्रविन्।

সন্ধ্যের মুখে চৌধুরী মশায় ছেলে দেখতে এসে আঁংকে উঠলেন।

পেট ফুলে একেবারে জয়-ঢাক! চেঁচিয়ে বল্লেন, ডাক্ রামতারণ কবরেজকে শিগ্গির।

দশটা লোক কাছা-কোঁচা সাম্লাতে সাম্লাতে দশ দিকে ছুটুল।

—ভিন**—**

খোকা আর এখন তত ছোট্টি নেই—

সকলকে সে আস্তে আস্তে চিনে ফেলেছে। চোধ পিট্পিট্করে সবাইকে দেখে নিয়ে আপন মনে কি যেন মত প্রকাশ করে। আবার হামাগুড়ি দিয়ে চল্তেও স্থক করছে। তাইতে সবার এত ভয়।

খাওয়া আর ঘুমোনোর সময় মাকে কাছে না পেলে শুধু হাঙ্গামা বেঁধে যায়। বাদ বাকি সময় লোকের কোলে-কোলে চড়ে বেড়ায়।

বিমলি দাসী থেকে স্থক় করে বাইরের থোঁচা-গোঁচা দাড়িওয়ালা হারাধন সরকারের কোলে যেতেও তার এতটুকু আপত্তি নেই।

ষে কোলে নেবে প্রথমটা তার সুখের দিকে খানিকক্ষণ তাকিয়ে তাকে চিনে নেয়—তারপর আচন্কা ঝাঁপিয়ে পড়ে কোল দখল করে বসে।

এই করে অন্দরে-বাইরে—গোটা চৌধুরী বাড়ীতে সে তার রাজহ বিস্তার করে ফেলেছে।

তার বাহন রাণু তাকে কোলে তুলে নিয়ে চুমোয়

চুমোয় মুখ ভরে দিয়ে নাচাতে নাচাতে বলে—মা, বড় হয়ে ও নিশ্চয়ই জগৎ-জোডা নাম কিনবে।

মা হেসে বলেন, পাগল। তোর ষেমন কথা!
পিসিমা বলে, আহা বেশী বয়সের সন্তান বেঁচে থাক্
—এর বেশী আমরা আর কামনা করিনে।

চৌধুরী মশাই বলেন, হাা, বেঁচে থাকবে ! সেদিনকার রাত্তিরের কথা ত' এখনও ভুলিনি !

কথাটা শুনেই সকলের মুখ শুক্নো হয়ে আসে; এ ওর মুখের দিকে তাকায়। সকলেই জানে সে নিজে দোষী। কিন্তু সবাই মিলেই যে দোষী সে কথাটা কারো কাছে পরিস্কার নয়।

রাণু কিন্তু এসব কথায় কান দেয় না। এ ঘর ও ঘর ঘূর্ ঘূর্ করে থোরে, আর খোকাকে নাচাতে নাচাতে আপন মনে ছভা কাটে—

পুঁচকে সোনা—
চন্দ্ৰ কোণা—
বুণ্টু সোণা টুক
আল্তা গালে—
টিপ্ কপালে—
ভৰ্তী লালে বুক!

ক্ষণজন্ম

সেদিন সকাল বেলা পড়াশুনা শেষ করে রাণু **খাতা**- / পত্তর দোয়াত কলম খাটের ওপর গুছিয়ে রেখে নীচে



গেছে স্নান করতে। ফিরে এসে দেখে—একেবারে কুরুক্ষেত্র কাগু।

দোয়াত উল্টে—খাতায় কালি ঢেলে—নাকে মুখে

2

ক্ষণজন্মা

মেখে ভূত সেজে "পুঁচকে সোনা" আপন মনে খিল্খিল্ করে হাসছে।

রাণু দেখেই তার কোঁক্ড়া চুলগুলো ছলিয়ে হাত-ভালি দিয়ে উঠল। তারপর চেঁচিয়ে উঠল—ও ছোট কাকা দেখবে এসো—কি মজা হো হো হো—

চ্যাচামেচি শুনে নিশি হুটো তিনটে করে সিঁড়ি এক এক লাকে ডিঙিয়ে ওপরে উঠে হাঁফাতে হাঁফাতে বল্লে, ধাঁড়ের মত চ্যাচাচ্ছিস কেন? আমি ভাবলুম না জানি কি হল—

— না জানি নয়ত কি ? ঐ দেখ, বলে আঙুল দিয়ে রাণু খোকাকে দেখিয়ে আবার খিল্ খিল্ করে হেসে উঠল।

নিশি বলে, হাতে এক দোয়াত কালি দিয়ে বুঝি মজা দেখছিস ?

—বারে ? আমি বুঝি ওর হাতে কালি দিয়েছি! দোয়াত ছিল খাটের ঐ কোণে। বলে রাণু খাটের দুরের একটা কোণ দেখিয়ে দিলে। তারপর বল্লে,ঐ ছফটুটাই ত'টেনে এনে কাণ্ড করেছে।

হঠাৎ উচ্ছসিত হয়ে আবার রাণু বল্লে, আচ্ছা ছোট-কাকা, কালি যখন ঢেলেছে নিশ্চয়ই তখন খুব বিদ্বান হবে।

নিশি ঠোঁঠ উল্টে হাত ছটো ধনুকের মতো বেঁকিয়ে হাস্তে হাস্তে বল্লে, বিদান ত' পড়লেই হওয়া যায়। ও হবে কবি,—রবি ঠাকুরের মতো কবি। "Born with silver spoon in his mouth"—সে ব্যবস্থা ত' করেই



দিয়েছি। কাজেই সাধারণ কবিদের মতো খাওয়া পরার ভাবনা ত'থাকবে না। কত "সোনার তরী" ওর কমলের তগায় তৈরী হবে কে জানে!

রাণু খুব খুসী হয়ে উঠল। বলে, বল কি ছোট কাকা, খোকা কবি হবে ? ওর লেখা কবিতা আমাদের ইস্কুলের সবাই সার বন্দী হয়ে দাঁড়িয়ে মুখস্থ বলবে—? বলেই সে গড় গড় করে স্থক করলে—

> "ভধু বিদে ছই ছিল মোর ভূঁই আর সবি গেছে ঋণে

বাবু কহিলেন—"

নিশি তাকে ধমক দিয়ে থামিয়ে বল্লে, দূর বোক।— তোদের ইস্কুলে ওর কবিতা মুখস্থ বল্ল্ আর নাই বল্ল্ তাতে ভারী বয়ে গেছে। কবিতা লিখে ও কি পাবে জানিস ?

মূৰে-চোখে হাসি-খুসীর বান ডাকিয়ে রাণু বল্লে, কি পাবে ? শুনি ?

নিশি বল্লে, পাবে "নোবেল প্রাইজ।" বলে গর্নবভরে
ঘাড়টা বেঁকিয়ে রাণুর দিকে তাকাল।

রাণু হাততালি দিয়ে উঠে বলে, ও বুঝতে পেরেছি

কবিদের পুরস্কার বিতরণী সভা বুঝি ? যেমন আমরা
বাৎসরিক পরীক্ষার পর লাল সিক্ষের ফিতেয় বাঁধা
বই পাই!

নিশি তাকে আর এক ধমকে চুপ করিয়ে দিয়ে বলে,

ক্ষণজন্ম

তুই কিছু বুঝিস নে বোকা—গোটা পৃথিবীতে তাতে ষে কি সম্মান তা তুই বুঝবি কি! দেশে দেশে উঠবে তার জয় গান—পৃথিবীর সব নাম-করা কাগজে উঠবে ছবি… কবিতা…কত প্রশংসাধ্বনি…

রাণু একেবারে বোকা বনে গেল। তবে সে এই টুকু বুঝতে পারল যে খোকা এত বড় কবি হবে যে সে কথা বোঝবার ক্ষমতাও তার নেই। কিন্তু এই মধুর-কল্পনায় তার মন ক্ষণে-ক্ষণে হলে হলে উঠতে লাগল।

সে চোথ বুঁজে যেন স্পষ্ট দেখতে পেলে—পৃথিবীর নানা দেশ থেকে দলে দলে নানা জাতের লোক এন্থে থোকার পায়ে কত রকম উপঢ়োকন দিছে—সে উপহার কত রকমের—কত রূপের—সেই রাশিকৃত উপহারের মাঝখানে খোকা তার কোল থেকে কত দূরে চলে গেছে—সে আর তাকে কিছুতেই নাগাল পাছেছ না••• গর্কেন, উত্তেজনায়, আবেগে, ভয়ে তার ছোট বুকখানি ক্ষণে-ক্ষণে কেঁপে উঠতে লাগলো।

এর মাস ছয়েক পরের কথা।

সেদিন ত্রপুরবেলা—থাঁ থাঁ রদ্ধের যথন চারিদিক নিঝুম,—বাড়ীর সবাই এঘর-সেঘরে, মেঝেতে বা মাত্র বিছিয়ে নাক ডাকিয়ে ঘুম দিচ্ছিল—সেই সময় একটি মজার ব্যাপার ঘট্ল।

হাঁ, আমাদের খোকাই সে ব্যাপারের নায়ক।
বহুক্ষণ আগে থেকেই তার মানানা ভাবে, নানা ভঙ্গিমায়
তার মাসি-পিসি ও চাঁদমামাকে (দিনের বেলা হলেও)
ডেকে কাতর প্রার্থনা জানাচ্ছিল—এই দারুণ তুপুরে
আমাদের খোকনমণির চোখের তুটি পাতা যাতে
এক হয়।

ছড়া কাইতে কাইতে মায়ের হাত হটো অবশ হ'মে এলো—চুড়ি শুদ্ধ হাতটা ঝনাৎ ক'রে খোকার পিঠের ওপর এসে পড়ল। তারপর দেহখানা এলিয়ে দিয়ে নিজেই গভীর নিদ্রায় চলে পড়ল।

খোকা কিন্তু মোটেই ঘুমোয় নি। মট্কা মেরে চুপ্টি ক'রে শুয়েছিল। মা ঘুমোতেই ছোট্ট মাথাটা

ক্ষণজন্ম

তুলে পিট্ পিট্ ক'রে তাকালো। দেখ্লে—মা বেশ ভালো ভাবেই ঘুমোচ্ছে—এখন জাগবার কোনো সম্ভাবনা নেই।

খাটের ওপাশে হাতের লেখা লিখতে লিখতে রাণু খাতার পাতার ওপরই শুয়ে দিব্যি আরামে তুপুর কাটাচ্ছে। চার হাত-পা দিয়ে খোকা আন্তে আন্তে খাট থেকে নেমে পড়ল।

নীচে মেঝেতে শুয়ে ক্ষ্যান্ত ঝি ভোঁস্ভোঁস্ক'রে নাক ডাকাচ্ছে।

হামাগুড়ি দিয়ে খাটের তলায় ঢুকে খোকা দেখলে দিব্যি থক্থকে ঘন সাদা কি একটা খাবার জিনিষ মাটির খ্রিতে ঢাকা রয়েছে।

এর কিছুদিন আগে ভাইফোঁটার দিন রাণুর কল্যানে খোকার একটু মিষ্টি-দই চাক্বার স্তযোগ হ'য়েছিল। খুব সামাগ্যই জিবে একটু লাগিয়ে দিয়েছিল মাত্র। সেই থেকে এই জিনিষ্টির ওপর আমাদের খোকনমণির ভারী লোভ।

সেই জিনিষ এদিন বাদে এত বেশী মাত্রায় হঠাৎ বরাতে জুটে গেল ব'লে খোকার চোখছটো আনন্দে নেচে উঠল।

আবার চারদিকে দৃষ্টি ফিরিয়ে দেখ্লে—নাঃ কারে। জাগবার কোনো সস্তাবনা নেই।

তবু সাবধানের মার নেই—একটু খেতেই যদি ক্ষ্যান্ত ঝি-টা গা মোড়ামুড়ি দিয়ে জেগে ওঠে!



তাড়াতাড়ি ছোট্ট মাথাটা সেই মাটীর খুরির ভিতর ঢুকিয়ে দিলে।

তার পরই খোকনের সে কী চীৎকার!

ক্ষণজন্ম

কান্নাকাটি শুনে আগে হুড়্ম্ড়্ ক'রে উঠে ব'স্ল ক্ষ্যান্ত ঝি। দেখে—কী সর্বনাশ! চুনের থুরির ভেতর খোকা গোটা মাথাটা ঢুকিয়ে দিয়েছে।

চীৎকার শুনে ততক্ষণ চৌধুরী বাড়ীতে সোরগোল পড়ে গেছে।

রাণু তাড়াতাড়ি লাফিয়ে উঠ্ল। খোকনের মা আচম্কা চোখ কচ্লে উঠে ব'সল, পিসিমা ক্ষীরের-সাজ তৈরী কচ্ছিল—পড়ি কী মরিঞ্ক'রে ছুট্তে ছুট্তে এসে দোরগোড়ায় ব'সে হাঁকাতে লাগ্লো।

বাইরে গোবর্দ্ধন সরকার রোজকার হিসেবটাকে
পাকা ক'রে একটু দিবানিদ্রার ব্যবস্থার জত্যে কল্কেটা
ধরিয়েছে—এমনি সময় এই চীৎকার!

সব চাইতে বিপদ হ'য়েছিল দারোয়ানজীর। আহা!
এমন সাধের খৈনীটকে একঘণ্টা ধরে দলাই-মলাই ক'রে
তৈরী ক'রেছে—যেই নীচের ঠোঁটটা মণি ব্যাগের মতে।
খুলে ঢেলে দেবে—থোঁকাবাবুর কান্না শুনে সবটুকুন
মাটিতে পড়ে গেল।

ততক্ষণে ক্ষান্ত ঝি খোকনকে চুনের হাঁড়ী থেকে টেনে তুলেছে।

খোকনের মারেগে অগ্নিশর্মা হ'রে এই মারে ড' এই মারে—

রাণু ছুটে এসে খোকনকে কোলে তুলে নিয়ে ব'ল্লে, তুমি ওর গায়ে হাত তুল্তে যাচ্ছো মা, ছোটকাকা কি



বলেছে মনে নেই ? ও বড় হ'য়ে কতবড় কবি হবে-"নভুল" প্রাইজ পাবে।

ক্ষণজন্মা

পিদিমা খুন্তি-হাতে দোরগোড়া থেকে কোঁস করে উঠলেন, ঐ একরত্তির গায়ে তুমি হাত তুল্তে যাও কোন সাহসে বোমা? না হয় একটু চুনই খেয়েছে— তুই শুন্লে অবাক্ হ'বি রাণু, তোর পিসে পাঁঠার মুড়ি চিবিয়ে খেতো। দেখে নিস্ রাণু, ও ঠিক তোর পিসের গুণ পাবে।

এর মধ্যে তাসের আড্ডা ভেঙ্গে নিশি এসে হাজির। বল্লে, ব্যাপার কি ? বাড়ী শুক্ষ, সবাই একসঙ্গে তাকে ব্যাপারটা বোঝাতে চায়, কারো কথাই শোনা যায় না—মাঝখান থেকে হল্লা বেড়ে ওঠে।

অনেক কফে ঘটনাটার পাঠোদ্ধার করে নিশি বল্লে, এতে ব্যস্ত হবার কিছু নেই বৌদি। এ হোচ্ছে আমাদের বাস্তব সাহিত্যের যুগ—জাবনে অভিজ্ঞতা সঞ্চয় ক'রতে হয়। কে বল্তে পারে, বড় হ'য়ে খোকান্তক "চুন-কাব্য" লিখতে হ'বে কিনা ? কিন্তু যদি লিখতেই হয়, ওর লেখাই হ'বে সব চাইতে Natural—ভাতে আর এভটুকু মেকী থাক্বে না।

রাণু এতক্ষণ হাঁ। ক'রে ছোটকাকার কথাগুলো যেন গিলছিল। এইবার মায়ের দিকে মুখ ফিরিয়ে বল্লে, শুন্লে মা, কের যদি তুমি আমার খোকন সোনার গায়ে

ক্ষণজন্মা

হাত তুল্তে যাও ত' আমি কেঁদে কেটে অনর্থ করবো। নিশি বল্লে, কিছু আর দেখতে হ'বে না—দিনকে-দিন ওর প্রতিভার স্ফুরণ হ'চ্ছে—

ছোটবাবুর সান্তনা-বাক্য শুনে চৌধুরী বাড়ীর সবাই হাঁফ ছেড়ে স্বস্তির নিঃখাস ফেল্লে।



-প্রাচ-

किइमिन वादम।

সেদিন রাণুখোকাকে তাদের বাৎসরিক পারিতোষিক বিতরণ সভায় নিয়ে গিয়েছিল।

সে উৎসব-সন্ধ্যার অভিজ্ঞতায় খোকা অনেক কিছুই শিখে ফেলেছে।

কি করে প্রথমটা হাত জ্বোড় করে নমস্কার করে নিয়ে স্তোত্র আর্ত্তি করতে হয়—কিম্বা

> "এইরূপে সিপাইরা চলে দলে দলে এইরূপে দাঁড়িগণ দাঁড় টেনে চলে"—

কি ভঙ্গিমায় দেখাতে হয়—অথবা "প্রশায় নাচন নাচলে যখন" কি ভাবে হাত তুলে—ঘাড় বেঁকিয়ে দেহ সুইয়ে আর্ত্তি করে বেনীটাকে ছড়িয়ে দিয়ে "জটার বাঁধন খুলে" ফেল্তে হয় তা আর তার জান্তে বাকী নাই।

বাড়ীতে কেউ বেড়াতে এলেই রাণু তাকে টেনে নিয়ে সাম্নে দাঁড় করিয়ে দেয় আর সে করমাস মতো একটার পর একটা কসরৎ দেখাতে স্কুক্ করে—

কণজমা

সেদিন তাদের ভোষল মামা এসেছিলেন—বহুদিন বাদে তাদের দেখতে।

রাণু তাকে ভোম্বল মামার সাম্নে দাঁড় করিয়ে দিয়ে
—একে একে সব গুণ বর্ণনা করতে লাগলো।

তারপর চল্লো—ফরমাসের পর করমাস—ধ্বন আবৃত্তি সব হ'য়ে গেল—তখন স্থক় হ'ল রঙ্গ কৌতুক !

রাণু বল্লে, আচ্ছা খোকন, সরকার মশাই কি রকম পেটে তেল মাখে ?

—দারোয়ানজী কি করে স্থর করে রামায়ণ পড়ে ?— কিন্তা—নেত্যদি কি রকম দাঁতে মিশি দেয় ?

খোকার কিছুতেই আপত্তি নাই। একবার আদেশ পেলেই হ'ল।

খানিক বাদে ভাঙ্গা ভাঙ্গা কথায় খোকন সবাইকে জানালে—সকলে একসঙ্গে চোখ বুঁজলে—সে একটা মজা দেখাবে—

নতৃনতর আনন্দের উচ্ছ্বাসে—রাণুর আগ্রহে সবাই চোথ বুঁজে ফেলে।

ভোম্বল মামা তথন জল খাবার খাচ্ছিল, সে-ও রাণুর অনুরোধে চোথ বন্ধ অবস্থাতেই মুখ নাড়তে লাগ্লো। সবাই চুপ্চাপ! কিন্তু কি সে নতুন মজা!

রাণু হঠাৎ চোধ খুলে ফেল্তেই দেখে—থোকা পলায়নোগুত—ভোম্বল মামার প্লেটের গোটা ছই সন্দেশ ইতিমধ্যে তার মুখে গিয়ে উঠেছে!

মজাটা যে এতদূর জমাট হ'বে তা কেউ কল্পনাও করতে পারে নি!

সবাই একসঙ্গে হাঁ—হাঁ করে উঠ্ল। ততক্ষণ ধোকা অন্দর মহলের আঙ্গিনার সীমানা ছাড়িয়ে গিয়েছে!

বাইরে গিয়েও কি খোকার এতটুকু সোয়ান্তি আছে ? ঢুক্লো গিয়ে দারোয়ানের ঘরে।

দারোয়ানজী পেছন ফিরে তুলসীদাসী রামায়ণখানা ত্বর করে পড়ছিল। মাটিতে রয়েছে এক ঠোঙ্গা আটা। রাত্তিরে 'রোটি' পাকিয়ে খাবে। খোকা বাইরে থেকে এক খাব্লা বালি ভার সঙ্গে মিশিয়ে দিয়ে চুপি চুপি পালিয়ে এল।

পাশের ঘরে সরকার মশাই চাকরটাকে ভেকে বল্লে, থাতো বৃন্দাবন, বাড়ীর ভেতর থেকে পান চেয়ে নিয়ে আয়।

খোকন স্থযোগ খুঁজছিল। তাড়াতাড়ি গিয়ে রন্দের কাঁখে চেপে বস্ল। রন্দে খোকনকে কোলে নিয়েই পান আন্তে ভেতরে চলে গেল।

রায়া ঘরের দাওয়ায় বসে হজন ঝি পান সাজছিল। আমার তরকারী কুট্ছিল।

খোকন কাউকে না দেখিয়ে চুপি চুপি কতকগুলো
মরিচের বীচি সরকার মশায়ের পানের ভিতর মিশিয়ে
দিলে। তারপর সেই পান খেয়ে সরকার মশায়ের
মুখের ধরণী কি রকম হ'বে কল্লনা করে—রুন্দাবনের
কাঁখে বসে খিল্ খিল্ করে হাস্তে হাস্তে আবার
বাইরে চলে এলো।

ঘট্লও ঠিক তাই—

বেশ তোয়াজ করে—আধঘণ্টা ধরে টিপে টিপে

তামাক্টা তৈরী করে—হুটো পান মুখে দিয়ে 'স্থু' টান দিতে যাবে—হুঠাৎ সর-কার মশাই চোখ হুটো বড় করে—জিব্টা বাইরের দিকে ঠেলে দিয়ে প্রকাশু একটা হা করে ফেল্লেন!

তারপর রন্দেকে এই মারে ত' এই মারে! সে বেচারী

এ ব্যাপারের বিন্দু-বিসর্গও জানে না। শুধু

জোড়হাত করে ক্যাল্ ক্যাল্ করে তাকিয়ে থাকে। তারপর সরকার মশাই চটে গিয়ে যখন বল্লে, তোর চাক্রী যাবে হারামজাদা—সে তাড়াতাড়ি তার পা



থোকা মজা দেখে আর হাত তালি দিয়ে আপন মনে হাসে।

তুটে জড়িয়ে ধরে বল্লে, আমি নই সরকার মশাই—পান সেজেছে—ভৈরবী ঝি!

9

তক্ষুনি ভৈরবী ঝির তলব পড়ল।

সরকার মশাই চোখ ছটো লেডিকিনির মতো করে বলে, বয়েস যতই বাড়ছে ততই তোর ভীমরতি হ'চ্ছে ভৈরবী। কাজ করতে ইচ্ছে না হয় ছেড়ে দিলেই পারিস্।

ভৈরবী ত' একেবারে হাতে পায়ে ধরে কান্নাকাটি
—বল্লে, সরকার মশাই আমি নিজের হাতে পান ধুয়ে
এনেছি—

কিন্তু সরকার মশাইয়ের মুখের জ্লুনি ত' তাতে কমে না। জিভ বের করে—রদ্ধুরে-বসা কুকুরের মতো শুধু ল্যা—ল্যা করে—!

খোকা মজা দেখে আর হাত তালি দিয়ে আপন মনে হাসে।



সেদিন সন্ধ্যে বেলা ছাদে মাতৃর বিছিয়ে চৌধুরী
মশাই সেকেলে নবাবী ধরণের গড়গড়ায় তামাক
থাচ্ছিলেন; হঠাৎ কি একটা দরকার পড়তে তাড়াতাড়ি
নীচে নেমে গেলেন।

ফিরে এসে দেখেন ছাদে কেউ কোথাও নেই—
গুণধর খোকনবাবু দিব্যি গড়গড়ার নলটা নিয়ে টানছে
আর খোঁয়ার ধমকে খক্ খক্ করে কাশছে।

চৌধুরী মশাই চেঁচামেচি করে রাণুকে ভেকে বল্লেন, — ভরে রাণু তোর গুণধর 'নভুল' প্রাইজভয়ালা ভাইয়ের কীর্ত্তি দেখে যা—

রাণু ছুটতে ছুটতে ওপরে উঠে এসে খোকনের কাণ্ড দেখে হাঁ করে দাঁড়িয়ে রইল। তারপর চৌধুরী মশাইকে বল্লে, দেখ বাবা—তোমাকে খেতে দেখেই ত'ও এসব ছুফুুমী শিখেছে—

চৌধুরী মশাই অবাক্ হয়ে বল্লেন, তবে কি তোর শাসনে বৃদ্ধ বয়সে তামাক খাওয়াও ছেড়ে দেবো ?

মুখখানা কাল বোশেখীর মেখের মতো কালো করে

রাণু জবাব দিলে, তা তুমি ছেড়ে দাও, বা না দাও— কিন্তু ওর সামনে আর কক্ষনো খেতে পারবে না,তা বলে দিচ্ছি।



থোকনবার গড়গড়ার নলটা নিয়ে টানছে আর ধোঁয়ার ধমকে থক্ থক্ করে কাশছে।

চৌধুরী মশাই বল্লেন, তোর দিখিজয়ী ভাইকে তুই চোখে চোখে শাসনে রাখলেই পারিস। তারজভো

যে রাজ্যি শুধু লোক খাওয়া-দাওয়া বন্ধ করে থাক্বে এ রকম রাজ্যি-ছাড়া আবদারও ত কোথাও শুনিনি বাপু—

রাণু এক হাঁচকা টানে খোকনের মুখ থেকে গড়-গড়ার নলটা ফেলে দিয়ে তাকে কোলে তুলে নিয়ে বল্লে, আর শোনো বাবা—দিন দিনই ওর মাথায় তুট্মী বুদ্ধি গজাচ্ছে, তুমি ওর জত্যে একটা মান্টার ঠিক করে দাও।

ততক্ষণে পিসিমা পাখা হাতে এসে সমস্ত দিনের পর ছাদে দাঁড়িয়েছেন।

অবাক্ হয়ে তর্জ্জনী গালে ঠেকিয়ে বল্লেন, ওমা অবাক্ করলি। ওইটুকুন ছেলে মান্টারের বেত খেলে কি আর বাঁচবে ?

রাণু কোঁস করে উঠে বল্লে, হ্যা, মান্টার এলেই বুঝি বেত চালাবে? দেখবো সে কেমন মান্টার আমার খোকনের গায়ে হাত দেয়! আর মান্টারের ভয়ে ও মুখ্যু হ'য়ে থাক্বে নাকি?

চৌধুরী মশাই সঙ্গে সঙ্গে কোড়ন দিয়ে বল্লেন, হাঁ, বটেই ত! নইলে রাণুর দিখিজয়ী ভাই 'নভুল' প্রাইজ পাবে কি করে!

রাণু চুল ত্রলিয়ে ঘাড় বেঁকিয়ে চোখটা ঘুরিয়ে বল্লে, হাঁা পাবেই ত, তখন দেখে নিও—'আমি খোকনের বাপ' বলে সবার কাছে পরিচয় দিয়ে বেড়াও কিনা—বলে হম হম করে পা ফেল্তে ফেল্তে খোকনকে শুদ্ধু মায়ের কাছে গিয়ে হাজির হ'ল।

চৌধুরী গিন্নি সব শুনে বল্লেন, মান্টার আসবে কিরে বোকা মেয়ে! আগে হাতেখড়ি হোক!

রাণু মাথা চুল্কে ভাবলো তাইত। এত বড় কথাটা তার একবারও মনে আসেনি। খোকনের হাতেখড়ি সেত' না হলেই চল্বে না! ওর হাতেখড়ি যে কতবড় একটা ঐতিহাসিক ব্যাপার—রাণু আর নিশিবাবু ছাড়া কে বুঝবে!

কিন্তু মুক্তিল এই যে, নিশিও কলকাতায় চলে গেছে : এমন কেউ নেই যে তার সঙ্গে বসে চুদণ্ড পরামর্শ করে। রাণুর ইচ্ছে হচ্ছিল—হু' হাতে নিজের চুল ছেঁড়ে কিন্তা বসে আপন মনে খুব খানিকটা কাঁদে।

এমন এক দিন আস্বে—যেদিন ওর জীবনী লেখার প্রয়োজন হ'বে—তখন খোকনের এই হাতেখড়ির ঘটনা সোনার জলে যেলেখা থাক্বে না তাই বাকে বল্তে পারে!

যাই হোক—ধোকার হাতেখড়ির দিন স্থির হল! সঙ্গে সঙ্গে উৎসবের আয়োজনেও চৌধুরী বাড়ীর লোক-জনদের রাতের ঘুম বিসর্জ্ঞন দিতে হল।

অনুষ্ঠানের আগের দিন রাভিরে ছাদের ওপর মাত্র পেতে—চৌধুরী মশাই বাড়ীর সবাইকে নিয়ে বসলেন উৎসবের তালিকা তৈরী করতে।

গড়গড়ার নলটা থেকে ফুরুৎ ফুরুৎ খোঁয়া ছাড়তে ছাড়তে বল্লেন, ওরে রাণু তোর দিগ্রিজয়ী ভাইকে নীচে ঝির কোলে দিয়ে আয়, নইলে আমার তামাক খাওয়া দেখে ও যদি কের নল টান্তে সুরু করে ত' শাসন কর্বি তুই আমাকেই।

রাণু চোখ হুটোকে কম্পাদের কাঁটার মতো ঘুরিয়ে নিয়ে মুখ ঝামটা দিয়ে বল্লে, তোমার ঐ এক কথা বাবা—আমি বল্লুম খোকার ভালোর জন্মে, থাক,—আমারো আর এখানে থেকে দরকার নেই,—

এই বলে যেই মুখখানাকে কমলা লেবুর মতো গোল এবং উত্তর ও দক্ষিণে কিঞ্চিং টোল-খাওয়া গোছ করে উঠে যাবে—চৌধুরী মশাই চট করে তার বেণীটা ধরে— শোড়ার লাগামের মতো টেনে বসিয়ে দিয়ে বল্লেন, বোস

পাগলি, ঘটা করে ত ভাইয়ের হাতেখড়ি দিচ্ছিস— কিন্তু বাছি আসবে কি ? ব্যাগু ত ?

নিশিকাকার কাছে উপদেশ শুনে শুনে রাণুর ওরিয়েণ্টালের দিকে ভারী ঝোঁক।

নাকের ডগার ছুঁচালো ভাগটা কুঁচকে চোখটাকে বন্ধ করে বল্লে, মাগো আজকাল ব্যাও নাকি আবার কেউ বাড়ীতে আনে!

. চৌধুরী মশাই টাকে হাত বুলিয়ে বল্লেন, না, আনে না! তোর মুখে ভাতের সময় হ'দল ব্যাণ্ড এসেছিল।

রাণু চোখ হটোকে বড় করে বল্লে, কী সর্বনাশ, তাতেও আমার কানে তালা লাগেনি। ওসব নয়। আসবে রশোন-চোকি। দিব্যি সকাল বেলা শানায়ের তানে ঘুম ভাঙ্গবে। যেখানটায় ওর হাতে খড়ি হবে আমি এমন চমৎকার আল্পনা দিয়ে ওরিয়েন্টাল ধরণে সাজিয়ে দেবো—কি কি চাই জানো ?

আমপল্লব—কাশদূল, বরণভালা, মঙ্গল কলস, পদ্দ-পাতা, ক্ষীরের প্রদীপ। সে সব আমার খাতায় লেখা আছে।

হাঁ। রাণুর মতামুসারে সব ওরিয়েণ্টাল ধরণেই প্রস্তুত হ'ল।

ঠাকুরঘরে চৌধুরী গিন্নি নৈবেগু সাজিয়ে পূজোর সমস্ত জিনিষপত্র ঠিক ঠাক করে বেরিয়ে এসে রাণুকে বল্লেন, যাতো মা, খোকনকে ধরে নিয়ে আয়—বাইরে কোথায় কার কাছে রয়েছে। ভালো কাপড়-জামা



পরিয়ে কপালে চন্দনের টীপ দিয়ে ঠাকুরঘরে নিয়ে যেতে হ'বে।

রাণু ছুটলো খোকাকে খুঁজে আনতে। চৌধুরী বাড়ীর উৎসব, যজ্ঞি ব্যাপার বল্লেও চলে। লোকজন গিস্ গিস্ কচ্ছে।

কিন্তু রাণু আর খোকনকে খুঁজে পায় না। চারদিকে সোরগোল পড়ে গেল। লোকজনের চ্যাচামেচি, আত্মীয়-স্বজনের ব্যস্ততা—পিসিমার বুক কাটা চীৎকার। মাছ নিয়ে একদল মেছুয়া এসেছিল—সরকার মশাই জাল নিয়ে তাদের জলে নামিয়ে দিলে—যদি পুকুরে গিয়ে থাকে।

চৌধুরী গিন্নি মাথা কুটতে কুটতে ঠাকুর ঘরে গিয়ে আছাড় খেয়ে পড়লেন।

কিন্তু হঠাৎ কোণের দিকে নজর পড়তেই তাঁর শ্বার্তনাদ বন্ধ হ'য়ে গেল।

ঠাকুর ঘরের কোণে দাঁড়িয়ে—রাণুর দিখিজয়ী ভাই। সেই সঙ্গে দেখা গেল নৈবেছের ওপরকার বড় মর্ত্তমান কলাটী অন্তর্হিত।



—সাত—

অনেক খুঁজে পেতে একটি ভালো মান্টার রাখা হ'ল। গরীব, স্থানীয় স্কুলের শিক্ষক—অনেক বয়েস হ'য়েছে, দিন রাত্তির বাসায় থাকবে—খোকনকে ও ছ'বেলা পড়াবে।

রাণু সরকার মশাইকে সহরে পাঠিয়ে খুব রঙ্-চঙাঁ দেখে একখানা বর্ণ পরিচয় কিনে দিলে। খোকা তাই বগলে করে ছবেলা মাফারের কাছে গড়তে যায়।

প্রথম দিন সমস্ত সকালটা ধরে মহা আড়ম্বর করে মাফার মশাই বক্তৃতা দিয়ে শ্লেটে এঁকে, দেয়ালে দাগ কেটে অ আ লিখিয়ে দিলে। আসবার সময় বলে দিলে কাল সকাল বেলা আবার জিজ্ঞেস করবে।

পরদিন সকাল বেলা রাণু খোকনকে ঘুম থেকে তুলে জামা কাপড পরিয়ে মাফারের কাছে পাঠিয়ে দিলে।

মান্টার মশাই চা খেতে খেতে বল্লে, বের করত' খোকন 'অ—আ'র পাতাটা—

্ৰোকন কেবল পাতাই উল্টে চলেছে! মান্টার মশাই তার হাত থেকে বই নিয়ে বল্লে, অত ওল্টাচ্ছ কি

—দাও আমি বের করে দিচ্ছি। কিন্তু খুলেই দেখে অবাক্ কাণ্ড! গোটা বইটার ভেতর 'অ—আ'র পাতাটাই নেই!

বল্লে, কি খোকা—'অ—আ'র পাতা কৈ ? খোকন ঘাড় বেঁকিয়ে বল্লে, কাল্কে ও পড়া হ'য়ে গেছে কিনা— তাই পাতাটা ছিঁড়ে ফেলেছি—আজকে নতুন পাতা পড়ব মাফার মশাই!

দি সঙ্গে সজে মান্টার মশায়ের চা খাওয়া বন্ধ হ'য়ে গেল - শুধু মাথা নেড়ে বল্লে, হ'।

ত্বনেক ভেবে চিন্তে—বিলেতে ছেলেদের কি ভাবে Training দেয় সেই সব বই পত্তর লাইত্রেরীতে উল্টেপাল্টে মান্টার মশাই খোকনের জন্যে পাকা রুটান করে দিয়েছে।

সকাল বেলা উঠেই হাত মুখ ধুয়ে স্তোত্র আর্ত্তি করতে হ'বে—তারপর খোলা ছাদে কিছুক্ষণ ব্যায়াম অভ্যাস করে দেহটাকে হাল্কা করে নেওয়া—

তারপর সূর্য্য ওঠবার আগেই গিয়ে বই খুলে—অ আ—ক—খ শিখ্তে হ'বে। রুটীনের কথা শুনে রাণ থুব খুসী।

ভাবলে এই ভাবে লেখা পড়া শিখ্লে ত্ৰ'দিনে ও সব

দুষ্ট বৃদ্ধি ভূলে গিয়ে ভালে। ছেলে হ'লে উঠ্বে। কিন্তু গোল বাঁধলো খোকনকে নিয়ে।

অত সকালে ঘুম ভাঙ্গা নিয়েই এক হুলুসূল বেঁধে যায়। রাণু যদি শোবার ঘর থেকে তুলে দিল ত' খোকন চুপি চুপি গিয়ে ঠাকুমার বালাপোষের তলায় আশ্রয় নিলে।

রাণু খুঁজ্তে গেলে পিনিমা ধম্কে দেয়।—এত সকালে বাইরে বেরিয়ে আবার ঠাণ্ডা লাগুক আর কি—

কিন্তু এবেলা রাণু একেবারে শক্ত মেয়ে। ভাইকে লেখা পড়া শিখিয়ে একেবারে 'বিতা দিগ্গজ' করে তুলতে হ'বে। সেখানে ত' মায়া মমতা করলে খোকনেরই ক্ষতি—

সে একেবারে সোজা চৌধুরী মশায়ের কাছে গিয়ে নালিশ জানালে। তখন থেকে ব্যাপার হ'ল এই যে চৌধুরী মশাই নিজেই বাইরে বেরুবার সময় খোকনকে তুলে এনে একেবারে মাফার মশায়ের হেপাজতে ছেড়ে দেন।

এইবার খোকনের সত্যি বিপদের পালা।

কিন্তু তার ছোট্ মাথার মগজটির ভেতর "হৃষ্ট্র বৃদ্ধির মোচাক" জমে উঠেছিল।



আচম্কা তার চাদরটা ধরে টেনে বল্লে—

অনেকক্ষণ পাইচারী করে বার ছই মেনীটার ল্যাজ্জ ধরে টেনে—বাইরে গিয়ে কোন ফাঁকে সরকার মশায়ের

টিকিতে একটা জবা ফুল বেঁখে দিয়ে ও বুদ্ধি বাৎলে ফেল্লে।

পরদিন খুব ভোরে, বোধকরি রাত তথন তিনটে হ'বে—আন্তে আন্তে পা টিপে টিপে উঠে মান্টার মশায়ের ঘরে গিয়ে হাজির। তারপর আচম্কা তার চাদরটা ধরে টেনে বল্লে, উঠুন মান্টার মশাই—স্তোত্র পাঠ শেখাবেন না ?

মান্টার মশাই আগের দিন রাত একটা পর্যান্ত জেগে পড়াশুনো করেছে। ঘুমে তখন তার চোধ জড়িয়ে আস্ছে। কিন্তু কি আর করে! খোকনের তাড়ায় বিছানায় উঠে বসে চোক কচ্লে—বল্লে—আচ্ছা আজ চাণক্য শ্লোক বল—

"বিজন্বঞ্চ নৃপত্ৰঞ্চ নৈব তুল্য কদাচন"—কিন্তু হঠাৎ টেবিলের ওপরকার ঘড়িটার দিকে নজর পড়তেই আংশকে উঠে বল্লে, য়াঁয়া—এযে রাত তিনটে—!

তার পরদিন সকাল বেলা।

মান্টার মশায়ের এক বন্ধুর বাড়ী নেমন্তন্ন ছিল। খোকন তা জান্তো। যেই জামা কাপড় পরে বেরুবে কোখেকে শ্রীমান্ খোকন ছুট্তে ছুট্তে এসে বল্লে,

মান্টার মশাই—আমি ক, খ—আর A B C D একসঙ্গে শিখ্বো—এই যে দিদি বই আনিয়ে দিয়েছে, আপনি আমায় শিখিয়ে দিন না—এই বলে জামার ভেতর থেকে

একখানা ABCDর বই বের করলে।

তথন বারান্দায়
বসে চৌধুরী মশাই
গড়গড়ায় তা মা ক
খাচ্ছেন। না করবার
উপায় নাই। মাকীর
মশাইকে বাধ্য হ'য়ে
জামা ছেড়ে—A B
C Dর বই নিয়ে
বস্তে হ'ল—

তারপর আর কি ঘটুল আমরা জানিনে, কিন্তু চতুর্থ দিন



রাত্তিরে মাফার মশাই চৌধুরী মশাইকে গিয়ে বল্লে, আমায় আপনি রেহাই দিন্—আমি আর পড়াতে পারবো না—

চৌধুরী মশায়ের হাত থেকে গড়গড়ার নল খসে পড়ল। বল্লেন, কেন, কেন ?

মাথা চুল্কে মান্টার জবাব দিলে, আজে আমার স্থবিধে হচ্ছে না—

চৌধুরী মশাই বল্লেন, তা—তবে আপনার মাইনেটা ? মান্টার মশাই হাত জোড় করে বল্লে, আজ্ঞে মাইনেতে আমার দরকার নেই।

রাণু সব কথা শুনে বল্লে, খোকনকে পড়ানো ত' বে সে মাফারের কাজ নয়। ওর মাফার ঠিক করে দেবে নিশি কাকু। আমি চিঠি লিখে দেবো। কল্কাতা থেকে আস্বার সময় সঙ্গে করে নিয়ে আস্বে।

খোকন তথন থানের আড়ালে দাঁড়িয়ে কেঁাক্ল। দাঁতে ফিক্ ফিক্ করে হাস্ছে—



—আট—

ভারপর বেশ কিছুদিন পরের কথা।

এর ভেতর চৌধুরী বাড়ীর খোকার মগজ ও দেহ ষর্বেষ্ট রকমে বেড়ে উঠেছে এবং তারি ফলে সে হ'য়ে উঠেছে একটি দলের পাগু।

মাধায় নিত্য নূতন ফন্দী বের করে চুষ্ট্,মী করতে তার জুড়ি মেলা দায়।

বোধ করি তখন বোশেখ জ্যৈষ্ঠি মাস। সন্ধ্যা বেলা মাঠের খেলা শেষ হবার পর খোকা তার সাঙ্গ-পাঙ্গ নিয়ে বড় সড়কের খারে একটি বটগাছের তলায় বসে দিব্যি মঞ্চলিস্ জমিয়ে তুলেছে!

খোকার মন্ত্রী গদাই বল্লে, এখন যদি একটা করে ভাব মেলে তবে বোধ করি আমি স্বর্গে যেতেও চাইনে।

সবাই মাথা নেড়ে সায় দিয়ে বল্লে, গদাইয়ের বৃদ্ধি নেই একথা তার অতি বড় শক্রতেও বল্বে না।

কিন্তু তারপর উঠ্লো হুটি প্রশ্ন—ডাব মিলবে কোথায়
—আর আন্বেই বা কে ?

খোকা বলে, আনার কথা পরে, কিন্তু কোথায়

পাওয়া বাবে—সম্প্রতি সেইটে জান্তে পারলেই বে নিশ্চিন্ত হওয়া যেতো।

কট্কে কোড়ন দিয়ে বলে, ডাব আছে—এবং বেশ নেয়াপাতি ডাবই আছে আমার সন্ধানে—কিন্তু বাড়ীর লোকের কাছে চাইলে যে মিল্বে এমন ত' মনে হয় না—

খোকা বল্লে, চাইতেই যে হ'বে তার কি মানে আছে ? কিন্তু কোথায় আছে সেইটেই শুনি না—

ফট্কে আঁণকে উঠে বল্লে, তবেই হ'য়েছে—। সেখান থেকে না বলে আন্বার ক্ষমতা রাখে—সে রকম একটি বীরকেও ত'দেখ্তে পাচ্ছিনে—

বিশু বট গাছের গুড়িতে একটা চাপড় মেরে বল্লে, ভণিতা রাখ্ ফট্কে—কার বাড়ীতে আছে সেইটেই আগে খুলে বলু না—

ফট্কে ঠোঁট উল্টে তাচ্ছিল্যের ভাবে বল্লে, আরে আছে ত' উত্তরপাড়ায় গণেশদের দরদালানের পেছন দিককার নারকেল গাছে, কিন্তু সে ডাব আন্বে কে শুনি ?

গদাই বল্লে, আন্বো আমরা। বেশ দিব্যি সংস্কার আঁখারে গা-ঢাকা দিয়ে—

হো—হো করে হেসে উঠে ফট্কে বল্লে, তবেই হয়েছে—

এইবার খোকা দাঁড়িয়ে উঠে বল্লে, কিন্তু না হ'বারই বা কারণ কি শুনি ?

কট্কে চোখ হটো বড় বড় করে বল্লে, ওরে বাবা— ওদের বাড়ীর যে নাক্থ্যাদা বুলডগ্!

সে নাকথ্যাদাকে সাম্লাবো আমি, চল সবাই—বলে খোকা এগিয়ে চল্লো। দল শুদ্ধ সবাই তার পেছন পেছন—এগিয়ে গেল।

* *


এরই মধ্যে সন্ধ্যে বেশ্ ঘনিয়ে এসেছে। খোকাকে দলপতি করে—একদল হুর্দান্ত ছেলে উত্তরপাড়ার ঝোপ জঙ্গল থেকে গণেশদের বাড়ীর পেছন দিকে গিয়ে হাজির হ'ল।

কিন্তু খানিকটা এগোতেই ফট্কের কথাই কলে গেল। নাকথ্যাদা—বিকটাকার এক বুলডগ্ এমন ভাবে হুম্কী দিয়ে এসে সাম্নে দাঁড়ালো যে প্রত্যেকের প্রাণই বুঝি থাঁচা-ছাড়া হয়।

মুহূর্তের মধ্যে খোকার মাধায় এক বৃদ্ধি খেলে গেল। সে দলের আর সবাইকে ডেকে বল্লে, দেখ আমি

গণেশের সঙ্গে দেখা করে—তাকে আগ্লে রাধ্বো— আর তোরা এই কাঁকে ভাব নিয়ে পালাবি বুঝ্লি? খোকার কথা শেষ হ'তে না হ'তেই কতকগুলো মাধা

কোপের ভেতর
আত্মগোপন করলে
—আর খো কা
টেটিয়ে ডাক্লে—
ওরে গণেশ, তোর
কুকুর কি আমায়
বাড়ী চুক্তে দেবে
না গ



হাঁক ডাক শুনে গণেশ তাড়াতাড়ি বেরিয়ে এসে খোকাকে পড়বার দরে নিয়ে গিয়ে বসালে! সঙ্গে সঙ্গে গাঁাদা-নাক বুলভগ্ও শান্ত হ'য়ে গণেশের পায়ের কাছে বসল।

খানিক বাদেই বাইরে শব্দ শুনে খোকা বুঝ্লে— দলবল বেরিয়ে এসে ওঠ্বার ব্যবস্থা কচ্ছে।

সেই সঙ্গে ওর ভয় হ'ল, যদি কোন রকম আভাস পেয়ে গণেশ বাইরে বেরিয়ে বুলডগ্কে লেলিয়ে দেয় ভবেই সর্বনাশ।

কিন্তু মাথা খোকার চিরদিনই সাফ্। অনেক ভেবে চিন্তে—গণেশকে আট্কে রাধ্বার জন্মে স্থরু করলে ভূতের গল্প।

গণেশ এমনেই ভয়ানক ভীতু। তারপর সন্ধ্যের আঁধারে গল্প ষধন বেশ জমে উঠ্ল—বাইরে শোনা গেল—ডাব পড়বার ধুপ্—ধাপ্ শব্দ। শব্দ শুনে গণেশের মুখটাও অনেকটা গ্যাদা-নাক বুল্ডগের মতো হ'য়ে উঠ্লো। চুল গুলো আপনা আপনি খাড়া হ'য়ে সজারুর কাঁটার আকার ধারণা করলে—মুখ দিয়ে শুধু বেরুতে লাগ্লো—ভূ—ভূ—ভূ—ভূ—

ততক্ষণে গদাই এক্লাই একটা নারকেল গাছ ধালি করে কেলেছে। তার প্রমাণ পাওয়া গেল হু' মিনিট বাদেই বিশুর বিধ্যাত শীষ্ দেওয়ার শব্দ শুনে!

খোকা বুঝলৈ—কাজ শেষ, এখন এখানে বেশীক্ষণ অপেক্ষা করা সঙ্গত হ'বে না—বল্লে, গণেশ, অনেক রাত্তির হ'য়ে গেছে—এইবারে আলো নিভিয়ে শুয়ে পড়।

গণেশ তার হাতটা চেপে ধরে বল্লে, ভাই ডুই আমাকে একলা ফেলে পালাবি।

খোকা ষেন ভয়ানক ভয় পেয়েছে এই রকম ভাগ

করে বল্লে, কিন্তু ভাই গণেশ আমাকে ত' এই বন জঙ্গলের ভেতর দিয়ে বাড়ী ফিরতে হ'বে—। দিদি যদি টের পায় ত' আমায় আর আন্তো রাধ্বে না।



তারপর তার পিঠ্চাপ্ড়ে বল্লে, তোর ভয় কি ? ও বুলডগের কাছে এগোয় কার সাধ্যি!

বুলডগের নামে গণেশের সাহস খানিকটা কিরে এলো—সে ছুটে গিয়ে তাকে কোলে তুলে নিলে।

ততক্ষণ খোকা বেরিয়ে এসে দলের সঙ্গে জুটেছে।
তারপর গণেশদের বাড়ীর ঘাট্লায় বসে সবাই মিলে
কি করে এক কাঁদি ডাবের সদগতি করলে, সে কথা
খুলে না বল্লেও বেশ বোঝা যাবে।

পরদিন বারোয়ারী তলায় গ্রামের মাতব্বরদের সে
কি তুমূল আন্দোলন! এ গ্রামে ভূতের দৌরাত্ম্য সম্পর্কে
বহু প্রাচীন গল্প প্রচলিত আছে, কিন্তু ভূত এসে সন্ধ্যে
বেলা ঘাট্লায় বসে ভাব খেয়ে গেছে—এ সংবাদ
একেবারে অভিনব।

গণেশের বাবা বল্লে, কি বল্ব চকোত্তি খুড়ো—ঠাকুৰ্দ্দ। ঐ গাছের ডাব বড়্ড ভালোবাসতো।

চকোত্তি হুকোয় একটা সুখটান দিয়ে বল্লে, বাবাজী স্বামিও তাই বল্ব বল্ব মনে কচ্ছিলাম, ভূমি গয়ায় গিয়ে একটা পিণ্ডিরই ব্যবস্থা করে এসো।

গণেশের বাবা মাথা নেড়ে বল্লে, হ।

গ্রামে যাত্রা হ'ছে।

যাত্রায় যারা সং সাজ্ছে তারাই ত' গ্রামের ছেলে বুড়ো সবাইকে মাতিয়ে রেখেছে; কিন্তু যারা সং সাজ্ছে না তারাও কেউ বড় কম নয়। উত্তর পাড়ার শেতল, দক্ষিণ পাড়ার গণেশ, মধ্য পাড়ার অটল বিহারী—তা ছাড়া কুঞ্জ, হরেকেন্ট, জগাই, নরহরি. তারিণী,—এরা ত' সবাই আছেই।

আর এই বিরাট বাহিনীর দলপতি হ'চ্ছেন চৌধুরী বাড়ীর খোকা।

আজ কালীবাড়ী, 'নরমেধ যজ্ঞ'—সাঙ্গো পাঙ্গ কারে। চোখে ঘুম নেই। কাল বোফম বাড়ী 'রাবণ বধ' পালা —দলটি সন্ধ্যের আগেই ঠিক এসে জুটেছে!

আর অসীম এদের থৈগ্য। সামিয়ানা টাঙ্গানো থেকে হুরু করে—দলপতি যখন ঘন ঘন করতাল বাজিয়ে
—শ্রীকৃষ্ণের যুগল মিলনের পর যাত্রা ভেঙ্গে দেয়—তখন পর্যান্ত এরা মুখ খানা হাঁ করে সমস্ত কথা যেন গিল্তে খাকে।

এক একটা পালা শেষ হ'য়ে যায় এক এক রাত্রেই
কিন্তু তার জের চলে—সাতদিন ধরে!— রাজা কি
রকম তরোয়াল ঘুরিয়ে যুদ্ধ করতে করতে কাড় লগ্ঠন
ভেকে দিয়েছিল—বিহুষকের প্রকাণ্ড তাকিয়ার মতো
ভুঁড়ি কি করে ছুট্তে গিয়ে হঠাৎ খুলে গিয়েছিল—কিন্তা
পার্ট করতে করতে বড় রাণী কখন রাজার সিংহাসনের
আড়ালে গিয়ে হুকোতে হুটো টান দিয়ে এলো—এই
সব মুখরোচক গল্ল,—বারোয়ারী তলায়, খেলার মাঠে,
ইক্ষুলের ক্লাসে এমন কি খেতে বসে পর্যন্ত চল্তে থাকে
এবেলার পর ওবেলা—আজকের পর কাল্কে।

হরেকেন্ট আর শেতলের সঙ্গে এই নিয়ে ত' সেদিন রীতিমত মারামারিই হ'য়ে গেল।

হরেকেন্ট বলেছিল, যে লোকটা পা থেকে মাথা অবধি চাদর মুড়ি দিয়ে নহুষের প্রেতাত্মার অভিনয় করেছিল—সেই আবার সেজেছিল নারদ—সে নাকি চাদরের কাঁক দিয়ে তার পাকা দাড়ি আর সাদা জটা দেখতে পেয়েছিল।

শেতৰ তার জবাবে বল্লে, তা কক্ষণো নয়—ও সাদা দাড়ী নহুষেরই। প্রেতাক্মা হ'য়ে ঘুরে বেড়াচ্ছিল—দাঁড়ী গোঁক কামাবে কখন ? তারপর আর কথা কাটাকাটি

হয়নি—একেবারে হাতাহাতি স্থক। কার যে জয় হ'য়েছিল তা অবশ্য জানা যায়নি, কিন্তু শোনা গেছে— হরেকেন্টর একটি দাঁত ভেঙ্গে গেছে—আর শেতল এখন খুঁড়িয়ে হাঁটে।

* * *

তা সে যাই হোক—যাত্রার দল ত' পাত্তাড়ি গুটিয়ে গ্রাম ছেড়ে চলে গেল—কিন্তু যাত্রার ভূত এসে চাপ্ল— চৌধুরী বাড়ীর খোকার ঘাড়ে আর সেই সঙ্গে তার সাঙ্গ পাঙ্গদের পিঠে।

অনেক হৈ-হলা করে স্থির হ'ল—ছেলেরা যাত্রা করবে—'রাবণ-বধ' পালা।

স্থান-নির্বাচনও সঙ্গে সঙ্গে হ'য়ে গেল। নরহরিদের বাড়ীখানা—গ্রাম ছাড়িয়ে একটু আলাদা। বেশ নিরিবিলি—লোক জনও বিশেষ কেউ নেই! বুড়ো বাপ বাতের রোগী ঘরেই চুপ চাপ পড়ে থাকেন—বাইরে বড় একটা বেরোন না।

সেই খানেই ইস্কুল পালিয়ে গ্রামের যত ছেলের হ'ল আন্তানা।

দিন রাত চল্ল যাত্রার মহলা। দলের ভেতর শেতলই সব চাইতে ঢাঁগলা। পা ত নয় যেন দুটো তাল গাছ।

খোকা বল্লে, তাকে হুমুমানের পার্টে নামতে হ'বে। শেতল ত' শুনে থুব খুসী। তারপর দিন থেকে মায়ের টাক্ষের যত পুরাণো আক্ডা চুরি করে নিয়ে এসে তাই জড়িয়ে জড়িয়ে দিন রাত শুধু হুমুমানের ল্যাজই তৈরী কচ্ছে।

তারপর ঘনিয়ে এলো—যাত্রার আসল দিনটি।
কেউ সঞ্চেছে রাম—কেউ লক্ষ্মণ—কেউ সূর্পণখা—কেউ
রাবণ—কিন্তু সব চাইতে মানিয়েছে হনুমানকে। হাঁ,
ল্যাঞ্চ একখানা তৈরী করেছে বটৈ!

সীতা-হরণ-টরণ হ'য়ে যাবার পর—শ্রীরামচন্দ্র দূত করে লহায় পাঠালেন হমুমান্জীকে স্মীতার থবর নিয়ে আস্তে।

হতুমান অশোক বনে সীতার খবর নেবে, তারপর সর্নলঙ্কা পুড়িয়ে দিয়ে আবার সাগর পাড়ে চলে যাবে। এই হ'চ্ছে দৃশ্যটি।

শেতল আগে থেকে তৈরী হ'য়েই ছিল। আর খোকা এসে সময় মত—ল্যাজে দিলে এক বোতল কেরোসিন ঢেলে। কুঞ্জ পার্শে দাঁড়িয়েছিল—দেশলাইয়ের কাঠি ল্যাজে একটু ধরিয়ে দিতে ষা সামান্য বাকী! তারপর স্থুক্ত হ'ল হুমুমানের লঙ্কা-দাহন পর্বব। সেই লম্বা লম্বা

তাল গাছের মতো পা নিয়ে শেতল—একবার এদিক— আর একবার ওদিক লাফাতে স্থক করলে।



বাড়ীর উঠোনে—ছিল ষত থড়ের গাদা। দেখ্তে দেখ্তে সব দাউ দাউ করে জলে উঠ্লো।

নরহরির বাবা কোনো দিন ঘরের ভেতর থেকে বেরোন না। কিন্তু সেদিন সেই বেতো শরীরে হঠাৎ যেন লাখো হাতীর বল ফিরে এলো। আগুন দেখে ভদ্রলোক তাঁর সেই বিরাট বপু নিয়ে লাফিয়ে বাইরে নেমে এলেন। তারপর সামনেই হুমুমানকে দেখু তে পেয়ে তার ঠ্যাং ঘটো ধরে ফেলে এমন ভাবে বোঁ-বোঁ শব্দে ঘোরাতে হুরু করলেন যে, আগুনের চাইতেও তা হ'য়ে উঠ্লো ভয়ানক।

ব্যাপার দেখে খোকা ছুটে এসে বল্লে, ওিক কচ্ছেন—আমাদের পালার নাম যে "রাবণ বধ"— হুমুমানকে অমন করে ঘোরাচ্ছেন কেন ? ওদিকে রাবণ যে পালায়—

চোখ হটো বড় করে, নরহরির বাবা বল্লেন, হু—।
এ পালার নাম 'রাবণ বধ' নয়—এর নাম 'হুনুমান হত্যা'
—বলেই যে রকম করে তিনি আবার শেতলের ঠ্যাং
হটো ধরে ঘোরাতে লাগ্লেন—তাতে কেউ আর এক
দশুও সেখানে দাঁড়াতে সাহস না করে—যার যার লম্বা
পারের সদব্যবহার সুরু কর্লে।

হতুমান-হত্যা পালার কথা যধন গোটা গাঁয়ে রটনা হ'য়ে গেল—তথন অভিভাবকেরা একদিন দল বেঁধে ইস্কুলে গিয়ে মাফারদের জানিয়ে এলেন,—আপনারা ছেলেদের কিচ্ছু দেখেন না। নইলে এতগুলো ছেলে— ক্লাস থেকে বেরিয়ে গিয়ে ছপুর বেলা এই রকম যাত্রা করে বেড়ায়।

হেড্মাফীর মশাই—তারপরই একদিন ছুটির পর—
গোটা ইকুলের মাফীরদের লাইত্রেরী ঘরে ডেকে নিয়ে
সব কথা খুলে বল্লেন। তারপর জানিয়ে দিলেন—এখন
থেকে ছেলেদের কড়া শাসনে রাখ্তে হ'বে। নইলে
এদের দেখাদেখি সমস্ত ইকুলটা যদি বিগ্ড়ে যায় ত'
লক্জার আর অবধি থাক্বে না।

সেই থেকে সব মান্টারদের ত্রপুর বেলার ঘুম বন্ধ হ'য়ে গেল।

কেদার পণ্ডিতের আফিমের ধাত। হুধ আর আফিম খেয়ে খেয়ে—বেশ নেয়াপাতি ধরণের চমৎকার একটি

ভূঁ ড়িও গড়ে উঠ্ছে। ছপুর বেলাটায় পড়াতে পড়াতে তাঁর মাথাটা কেমন যেন আপনা থেকেই চেয়ারের পেছন দিকে ঝুকে পড়ে। তারপর গোঁকের তলাকার বিরাট মুখটা হাঁ হ'য়ে যায়—সঙ্গে সঙ্গে নাসিকা এবং সেই বিক্ষারিত মুখের ভেতর দিয়ে যে ধ্বনি বেরুতে থাকে—তা, তাঁর বেশ স্থনিদ্রারই পরিচয় দেয়।

কিন্তু এই যে নাক ডাকা—সে ষেমন স্বাজ্ঞাবাহী ঠিক তেমনি সঙ্গাগ।

কোন রকমে হেড্মাফীরের একটু পায়ের আওয়াজ পেয়েছে কি—অমনি এক লহমায় ডাক গেছে বন্ধ হ'য়ে চোধ হ'য়েছে বিক্ষারিত,—ছই ঠোঁটের ভিতরকার বিরাট গহবরও মুহূর্তের মধ্যে ভরাট হ'য়ে গেছে।

কিন্তু আবার হেড্মান্টারের পায়ের আওয়াজ মিলিয়ে যেতেই যে সেই!

ছেলেরা বলাবলি করত—কেদার পণ্ডিত স্বয়ং-সিদ্ধ পুরুষ। কখন নাক ডাকাতে হ'বে, কখন হ'বে না— ভা উনি ঘুমের ভেতরও টের পান। ভবিশ্বৎদর্শী লোক।

কিন্তু গোলমাল বাঁধল একদিন এই ভবিয়াৎদর্শীর ক্লাসেই। সেদিন ছিল সংস্কৃতের পড়া।

পণ্ডিত মশাই খোকাকে বোর্ডের কাছে ডেকে নিয়ে বল্লেন,—নর শব্দের রূপ লেখ্।

তারপর থোকা লিখ্ল কি লিখ্ল না—তা' দেখ্বার আগেই পণ্ডিত মশাইর ঘাড়টা চেয়ারের পেছন দিকে ঝুলে পড়ল—এবং সেই সঙ্গেই তাঁর আজ্ঞাকারী নাক জানিয়ে দিলে—পণ্ডিত মশাই ঘুমিয়েছেন এবং নাক জেগে উঠেছে।

খোকা কিন্তু নর শব্দের রূপ লিখ্ল এবং তা' বাদেও কয়লা দিয়ে পণ্ডিতের সাদা জিনের কোটের পিছনে কি লিখে শান্ত শিষ্ট ছেলেটির মতো নিজের জায়গায় এসে বস্ল।

ক্লাস শেষ হ'য়ে গেলে ঘণ্টার শব্দে পণ্ডিত মশায়ের ঘুম ভেঙ্গে গেল।

তাড়াতাড়ি লাফিয়ে উঠে চেয়ারের হাতলে বাঁধ। উড়ানি চাদরটা টেনে নিয়ে কাঁখে ফেলে চোঁ-চা দৌড়ুলেন—প্রথম শ্রেণীর দিকে। সে ঘণ্টায় ওদের বাঙ্লা পড়াতে হ'বে।

ক্লাসে দ্কতেই সেখানে চাপা হাসির রোল উঠল। একটি ছেলে তার পাশে বসা বন্ধুকে ধাকা দিয়ে পণ্ডিত মশায়ের পিঠটা আঙ্গুল দিয়ে দেখিয়ে দিলে।

কাঁপা কাঁপা বড় বড় অক্ষরে লেখা আছে—"আমি বুমুই কিন্তু নাক জাগে!" পণ্ডিত মশাই উঠে দাঁড়িয়ে বোর্ডে কিছু লিখ্তে গেলেই একটা হাসির ঢেউ গোটা ক্লাসের উপর দিয়ে বয়ে যায়। কিন্তু আবার সামনে ফিরতেই সব চুপ্চাপ।



পণ্ডিত মশাই টেকো মাথায় হাত বুলিয়ে কিছুতেই তার কারণ খুঁজে পান না।

সে ঘন্টা শেষ হ'তে পণ্ডিত মশাই লাইত্রেরী ঘরে এসে আপন মনে হুঁকো টানতে লাগলেন কিন্তু—

ভতক্ষণে গোটা ইস্কুলের মান্টারের ভীড় জমে গেছে— ভার পেছন দিকে। সেকেণ্ড পণ্ডিত—কোঁক্লা দাঁভে কিক্ করে হেসে বল্লেন, বলি ও কেদার দা এ কি— পিঠের ওপর কি আজকাল বিজ্ঞাপন ঝুলোতে স্থক্ করলে?

হুঁকোটা ছাত থেকে নামিয়ে রেখে পণ্ডিত মশাই বল্লেন, কি রকম—কি রকম ?

শাঁকের মাফার মশাই তাঁর গোঁফ জোড়াটা নেড়ে বল্লেন, আহা অত কথার দরকার কি দাদা, বারো শ' সালের জিনের কোটটা খুলেই ফ্যাল না—

সকলের প্রশ্নে ব্যতিব্যস্ত হ'য়ে পণ্ডিত মশাই তাড়া-তাডি কোটটা খুলে ফেল্লেন।

সেকেণ্ড পণ্ডিত মশাই সেটা তার হাত থেকে লুকে নিয়ে টেবিলের ওপর বিছিয়ে দিলেন।

সবাই চক্ষু বিস্ফারিত করে পড়লে— "আমি ঘুমুই কিন্তু নাক জাগে"

সেকেণ্ড পণ্ডিত মশাই—"ভেটার নারী" ডোজে এক টিপ নস্থি নিয়ে বল্লেন, ভায়া, ঘুমোই সবাই কিন্তু ভোমার মতো এমন 'মুটিস্' দিয়ে ত' কারো ঘুমোনোর কথা শুনিনি।

ততক্ষণে পণ্ডিত মশায়ের চোখ ছটো চর্কির মতো ঘুরতে স্থক হ'রেছে।

—হাঁা, ওই নীচু ক্লাসের ছেলেদের কাজ! আচ্ছা, আমিও কেদার পণ্ডিত—দেখে নিচ্ছি—বলেই একখানা বেত তুলে নিয়ে ষেই ছুটতে যাবেন—সেকেও পণ্ডিত তাঁকে ধরে ফেলে বল্লেন' ভায়া রাগ চণ্ডাল; কেলেঙ্কারী কোরো না। তা'তে এই প্রমাণ হ'বে তুমি সত্যিই ঘুমিয়েছিলে! নইলে ছেলেরা লিখ্ল কি করে? জানো ত' হেড্ মাফীরের কড়া মেজাজ?

ভেবে চিন্তে হাতের বেতটাকে ফেলে দিয়ে পণ্ডিত মশাই বল্লেন, তাইত! কিন্তু কি কন্না যায়! কিন্তু এ কুদে শয়তানদের শায়েস্তানা করলেও ত' চল্বে না!

তারপর হঠাৎ হ'য়েছে—হ'য়েছে বলে লাফিয়ে উঠে
—বোকাদের ক্লাশের দিকে ছুটলেন। অসময়ে পণ্ডিত
মশাইকে ক্লাশে ঢুকতে দেখে ছেলের দল চম্কে গেল।

পণ্ডিত মশাই এসে আম্ফালন করে বল্লেন—কাল—
আমি শব্দ রূপের পরীক্ষা নেবো—যার একটি ভূল হ'বে
—তার পিঠে চামড়া থাকবে না,—বলেই যে ধরণে এসে
ঢুকেছিলেন—ঠিক সেই ভাবেই থিয়েটারের পলায়মান
সৈনিকের মত ক্রত প্রস্থান করলেন।

এদিকে কিন্তু ব্যাপার সঙ্গীন দেখে থোকার বুকে কাঁপুনি স্থক় হ'য়েছে!

কিন্তু তার মগজ চিরদিনই সাক্। তাড়াতাড়ি ক্লাশ থেকে বাইরে গিয়ে সোজা হাজির হ'ল দপ্তরী কাসেম আলির ঘরে। বল্লে, দপ্তরী, আমায় এক টুক্রো রশুন দাও ত' বিশেষ দরকার।

मश्रेती वहे वांषष्टिम। वत्त्व, त्रश्टरन कि श्रेटन मामा वावू ?

খোক। বল্লে, দাও না—আমার থুব দরকার। রশুন জোগাড় করে—তারি একটা কোয়া বোগলে চেপে ধরে—খোকা ঝা ঝা রদ্ধরে এসে দাঁড়ালে।

খুব বেশীক্ষণ দাঁড়াতে হল না—দেখতে দেখতে তার গা একেবারে গরম হ'য়ে উঠল—মেন একশ পাঁচ ডিগ্রী জর।

এ কন্দীটি খোকার বহুদিন আগে থেকেই শেখা। পড়ার্শুনোয় বিশেষ গোলমাল হ'লেই বোগলে রশুন দিয়ে মিনিট দশেক বাইরে দাঁড়াতে যা বিলম্ব। গা ষেন পুড়ে যায়—এমনি তেতে ওঠে।

এবারেও সেই ফন্দী করে দেহ যখন বেশ গরম হ'য়ে উঠল—তাড়াতাড়ি গায়ের চাদরখানায় বেশ ভালো করে মৃড়ি দিয়ে—সোজা হাজির হ'ল একেবারে হেড্মান্টার মশায়ের খাস্ কামরায়।

হেড মান্টার
মশায়ের অস্থথের
বড্ড ভয়। হাত
দিয়ে গা দেখে
বল্লেন, একি তুমি
এই জর নিয়ে
এখনো ই কুলে
আছ? শিগ্গির
বাড়ী চলে যাও—
কাল আর আস্তে
হ'বে না—

ঐ টুকুই খোকার পক্ষে যথেই— পণ্ডিত মশায়ের



পেছনে দাঁড়িয়ে বুড়ো আঙ্লে কাঁচ কলা দেখিয়ে ড্যাং
—ড্যাং করে বাড়ী চলে এলো।

-এগার-

এর দিন সাতেক বাদে আর একদিন ছেলেদের ঐ

নীচু ক্লাশটিতেই কেদার পণ্ডিতের রোষ চক্ষু গিয়ে
পড়ল।

ক্লাশ শেষে পণ্ডিত মশাই যাবার সময় বলে গেলেন

—কালকে একটা শব্দরূপ ভূল হ'লে আর কাউকে
আস্তো রাখ্ছিনে।

কি জানি কেন, সেই দিনটির পর থেকে—পণ্ডিত মশাই এই ক্লাশটির ওপর একেবারে হাড়ে হাড়ে চটে গিয়েছিলেন।

খতবড় একটা হন্ধর্ম করে কেদার পণ্ডিতের হাত এ পর্যান্ত কেউ এড়াতে পারেনি। অথচ মজা এই ষে মুখ ফুটে কারো কাছে হঃখের কথা জানাবারও উপায় নেই। সবাই ঠাট্টা করে একেবারে ব্যতিব্যস্ত করে তোলে।

হেড্মাফীর মশাইকেও এ সম্পর্কে নালিশ জানানো বেতে পারে না—বেহেতু এ থেকে পণ্ডিত মশায়ের কাজে অবহেলাই প্রকাশ পায়।

কইতেও পারিনে—অথচ সইতেও পারিনে—পণ্ডিত
মশাই সম্প্রতি এই ত্রারোগ্য ব্যাধিতে ভুগ্ছিলেন!
এবং এই অস্থধের একমাত্র দাওয়াই—যেন-তেনপ্রকারেণ—এই সব ক্ষুদে শয়তানদের শায়েস্তা করা।
আর শায়েস্তা করতে হলেই তার একমাত্র অস্ত্র হচ্ছে—
শন্দ-রূপ বিভীষিকা—পণ্ডিত মশাই এটা বেশ ভালো
ভাবেই জানতে পেরেছিলেন।

তাই অনেক ভেবে চিন্তে পণ্ডিত মশাই আজ আবার সেই ত্রন্ধান্ত্র ত্যাগ করলেন।

পণ্ডিত মশাই ক্লাশ থেকে বেরিয়ে যেতেই খোক।
সকলকে ডেকে বল্লে, কেউ যদি এমন ব্যবস্থা করতে
পারে যে পণ্ডিত মশাই কাল কিছুতেই ইস্কুলে আস্বেন
না—অথচ সে ব্যবস্থা করার জন্মে ক্লাশের কেউ বিপদগ্রস্থ হ'বে না—তবে সে সমস্ত ক্লাসের ছেলেকে যে
যত খুনী পারে রসগোল্লা খাওয়াবে।

রসগোলা খাওয়ার পেছনে যে এমন শক্ত ধাঁখা থাক্তে পারে—তা কারো জানা ছিল না—সকলেরই মুখ আন্তে আন্তে হাঁ হ'য়ে গেল!

হঠাৎ পেছনকার বেঞ্চ থেকে রোগা-পট্কা একটি ছেলে এগিয়ে এসে বল্লে, পারবো আমি এ ব্যবস্থা

করতে—কিন্তু বাজীর কথা সবাইকার মনে থাকে যেন। ধাঁধা এবং তার জবাব খুঁজতে খুঁজতে সেদিন ছেলেরা যে যার বাড়ী ফিরে গেল।

পরদিন বেলা দশটার সময় গায়ে সেই পেটেন্ট জিনের কোট ও এবং কঁব্ধের ওপর উড়ানিখানা চাপিয়ে



যেই পণ্ডিত মশাই তুর্গা নাম স্মরণ করে বাড়ী থেকে বেরিয়েছেন, অমৃনি—সেই রোগা-পট্কা ছেলেটি আড়াল থেকে মুখ বাড়িয়ে এসে বল্লে, পণ্ডিত মশাই, হরিচরণ শিক্দার আপনার থোঁজে এই দিকেই আস্ছেন—

রাস্তায় দেখা হ'তে আমায় জিজ্ঞেস্ করেছিলেন, আমি বলে দিয়েছি—আপনি একুনি এই পথে ইস্কলে যাবেন।

হরিচরণ শিক্লারের নাম শুনেই লোর্দ্ধ-প্রতাপ কেলার পণ্ডিতের চোখ ছটি কপালের ওপর উঠ্বার উপক্রম হ'ল। বল্লেন, বলিস্ কিরে—তা' হলে ত' আজ আর বেরুণো হ'বে না। তুই বাছা বলে দিস্ পণ্ডিত মশাই কোথায় যেন আজ চলে গেছেন। বলেই হন্ হন্ শব্দে বাড়ীর ভেতর চুকে পড়লেন।

বাইরে থেকে শোনা গেল—পণ্ডিত মশাই বলচেন,
—গিন্নি, আমি ঘরের ভেতর গিয়ে শুয়ে রইলুম। কেউ
যদি এসে আমার থোঁজ করে ত' চাকরটাকে দিয়ে বলে
দিও—আমি বাসায় নেই।

সেই কথা শুনে রোগা-পট্কা ছেলেটি হাস্তে হাস্তে ক্লাশে গিয়ে হাজির হ'ল। ক্লাশ-শুদ্ধ ছেলে তাকে বিরে ফেলে বল্লে, কিন্তু হরিচরণ শিক্দারটি কে? আর তার নাম শুনে পণ্ডিত মশাই বা অমন করে লুকোলেন কেন?

হাতের বইগুলো টেবিলের ওপর রেখে রোগা-পট্কা ছেলেটি বল্লে, সে এক মন্ধার ব্যাপার। ঐ হরিচরণ শিক্দার এক বড় মহাজন। ভিন্ গাঁরের

লোক। মেয়ের বিয়ের সময় পণ্ডিত মশাই ওর কাছ থেকে শ' কয়েক টাকা ধার করেছিলেন—আজকে ও এয়েছে তারি তাগাদায়। কাজেই পণ্ডিত মশাই যে কোনো মতেই আজ বাড়ীর বের হ'বেন না—একথা নিশ্চিত।

গোটা ক্লাশের ছেলে তখন উৎসবে মেতে উঠেছে। খোকা ছেলেটিকে ডেকে বল্লে, আচ্ছা সত্যি করে বল্ত…হরিচরণ শিক্দার কি সত্যিই আজ এয়েছে ?

ছেলেটি এইবার ফিক্ করে হেসে ফেলে বল্লে, আরে রাম বল—রসগোলা খেতে হ'বে মনে নেই? আমি জান্তুম কিনা ব্যাপারটা—কাজেই পণ্ডিত মশাই বেরুতেই হরিচরণ শিক্দারের নাম করলাম—তখন যদি তার মুখের চেহারাটা দেখ্তিস্ তোরা...বলেই আপন মনে হো-হো শব্দে হাস্তে লাগলো।

খোকা এইবার বুক ফুলিয়ে এসে বল্লে, হাঁ—বলেছি

যখন তখন নিশ্চয়ই খাওয়াবো। আজ তু'জন সন্ধ্যের

সময় আমার সাথে যাবে—সঙ্গে থাক্বে একটা
বড় হাঁড়ি। তারপর যা-যা করতে হয় সে আমি

দেখ্বো।

সেদিন সন্ধ্যের আঁধারে—খোকাকে সামনে রেখে


তিনটি প্রাণী একটা বড় হাঁড়ি নিয়ে ধীরে ধীরে চোরের মত ইস্কুলের মাঠের দিকে এগিয়ে গেল।

মাঠের পাশেই দামোদর ময়রার ছাপ্রা। দামোদর
নিজের হাতে রসগোলা তৈরী করে, আর টিফিনের সময়
ইক্লে তাই নিয়ে গিয়ে বিক্রী করে। ছেলেরা দামোদরের রসগোলা পেলে দামোদরের মত ভোজন বিলাসী
হয়ে ওঠে—এমনি তার রসগোলার নাম ডাক। খোক।
প্রকাণ্ড একটা বাধারীর সাম্নের দিক্টা খুব ছুঁচোলো
করে কেটে এনেছিল।

রোগা-পট্কা ছেলেটি জিজ্ঞেদ করলে, ওটা দিয়ে কি করবি খোকা ?

খোকা বল্লে, চুপ্! তোরা হল্পনে এই গাছতলায় দাঁড়া। আমি আন্তে আন্তে উঠে যাচ্ছি—দামোমর ময়রার ছাপ্রার পাশেই একটা নিমগাছ সোজা ওপরে উঠে গেছে। খোকা তারি ওপরে উঠে—ঘরের সঙ্গেলাগানো একটা ডালের ওপর গিয়ে বস্ল। দামোদর, ছাপ্রার ঠিক নীচে শিকেয় প্রকাণ্ড এক হাঁড়ি বসিয়ে রেখেছে! সেটা ভর্তী একেবারে—টাট্কা গরম রসগোল্লা। খোকা একেবারে যেখানটায় গিয়ে বসেছিল—সেখানকার ঘুল্-ঘুলির ভেতর দিয়ে হাঁড়িটা দেখা

ষায়। ও করলে কি—ছুঁচোলো কাঠিটা ঘুল্-ঘুলির ভেতর দিয়ে গলিয়ে দিয়ে টকাটক্ রসগোলা বিঁধিয়ে বিঁধিয়ে তুলে আন্তে শুরু করলে—তারপর সেইগুলো নীচের দিকে ছুড়ে দিতে লাগল। রোগা-পট্কা ছেলেটি তৈরী হ'য়েই ছিল। বল থেমন করে ছেলেরা ত্রহাতে



লোফে ... ঠিক সেইভাবেই টপাটপ ধরে ফেলে—হাঁড়ি ভন্তী করতে লাগল।

নীচে দামোদর ডিবের আলোতে বসে রামায়ণ পাঠ কর্চিত্র।

ভিবে থেকে এত কালি বেরুচ্ছিল যে খালোর চেয়ে অন্ধকারের ভাগটাই ছিল খরের ভেতর বেশী।

হঠাৎ ওপর দিকে চোথ পড়তেই দেখ্তে পেলে এক একটা রসগোল্লা ওপরে লাফিয়ে উঠছে—আর যুল্যুলির ভেতর দিয়ে বাইরে চলে যাচ্ছে!

খানিকক্ষণ তাকিয়ে দেখেই—তার সারা দেছে
কাঁপুনি স্থক হ'ল। 'রাম—রাম' শব্দ করতে করতে—
রামায়ণখানা হাত থেকে কেলে দিয়েই বাইরে এসে
যে দিকে হুচোখ যায় চীৎকার করে ছুট্তে লাগ্লো।

ব্যাপার সঙ্গীন হয়ে আস্ছে দেখে খোকা গাছ থেকে নেমে ছেলে ছটিকে তার পিছু পিছু চলে আস্তে ইসারা করে অন্ধকারে কোথায় মিলিয়ে গেল। ততক্ষণে হাঁড়িও ভর্তী হ'য়ে এসেছিল—ছেলে ছটি আর আপত্তি করলে না, এবং যথাসময়ে যথাসানে গিয়ে—দলবলের সঙ্গে মিলিত হ'ল।

পরদিন গোটা ইস্কুলের লোক জান্তে পারলে দামোদর এক রকম ভূতুড়ে রসগোলা তৈরী করেছিল—
যা' হাঁড়ী থেকে লাফিয়ে উঠে আকাশে উড়ে পালায়।

সেদিন ছেলে মহলে রসগোলা বিক্রী বড্ড কমে গেল।

-ৰাব্রো-

একদিন টিফিনের ঘণ্টার পর ইস্কুলের নীচু ক্লাশের ছেলেদের ভেতর মহা হুল্লোড় স্থুরু হ'য়ে গেল।

লাফা-লাফি, বই ছোঁড়া-ছুঁড়ি, ডিগবাজী খাওয়া ও চীৎকার—একটু কম্লে জানা গেল আজকেই ডাকে হেড্ মাফার মশাই একখানি চিঠি নাকি পেয়েছেন— তাতে আর একটা জেলার একটি ইস্কুলের জুনিয়ার দল এই ইস্কুলের জুনিয়ার দলকে—ফুট্বল প্রতিযোগিতায় আহ্বান করেছে।

ও ইস্কুলের ধবর ত' আমাদের বিশেষ জানা নেই, কিন্তু এটা আমরা বেশ জানি যে, এই ইস্কুলের জুনিয়ার দলের ক্যাপ্টেন অর্থাৎ মোড়ল আমাদেরই খোকা।

ক্যাপ্টেন হওয়ার মস্ত বড় একটা স্থবিধে এই ষে,
মাঠে নামতে হয় না, বেশ নিরাপদ স্থানে দাঁড়িয়ে গোটা
দলটির উপর নির্কিবাদে মোড়লি করা চলে। কাজেই
অনেক ভেবে চিন্তে আমাদের খোকা এই দায়িত্বপূর্ণ
কাজটির ভার গ্রহণ করেছে।

স্থুতরাং তারই উৎসাহ সব চাইতে বেশী। সমস্ত

ইস্কুলের মুখপাত্র হ'য়ে বুক ফুলিয়ে দলবল নিয়ে সিটি বাজিয়ে অন্য জেলায় খেলতে যাবে—এ কি কম সোভাগ্যের কথা! প্রতি একটা করে কথার পর—বল্বে 'আমার টিম' আশে পাশের ছেলেরা কাণে কাণে বল্বে —জানিস্ ওই যে টিমের ক্যাপ্টেন'৷

সেই ক্যাপ্টেন···হ'রে অগ্যত্র খেল্তে যাওয়ার বিপুল গৌরব আজ খোকার হাতের মুঠোর মধ্যে এসে পড়েছে।

হেডমান্টার মশাই সবাইকে ডেকে দিন স্থির করে দিলেন, শনিবার দিন ইস্কুলের পর খেলোয়াড় দল রওনা হ'বে।

নোকো করে ফেশনে যেতে হ'বে, সেখান থেকে রেল গাড়ীতে যাওয়াই সব চাইতে স্থবিধে। এগার জন খেলোয়াড়, পাঁচ জন সঙ্গে বেশী—কি জানি যদি কারো ঠ্যাং ভাঙ্গে কি হাত মচ্কায়—তবে ত' খেলা বন্ধ রাখা চল্বে না! সবার ওপরে রইল—ক্যাপ্টেন শ্রীমান্ খোকা। খোকা তাড়াতাড়ি মনোহারী দোকানে গিয়ে ভালো দেখে একটা বাঁশী কিনে ফেল্লে। তার সিটি শুনে সবাইকে চল্ভে হ'বে এই কথা বার বার সে খেলোয়াড়দের জানিয়ে দিলে।

নোকো গিয়ে ন্টেশনে পোঁছতে—কুলি এসে ছুট্তে ছুট্তে জানালে—শিগ্গীর আস্থন বাবুরা—গাড়া এক্ষুনি এসে পড়বে।

সবাই ব্যস্ত হ'য়ে উঠ্ল। যার যার স্কট্কেস্ হাতে নিয়ে হন্ত দন্ত হ'য়ে বল্লে, চল হে ক্যাপ্টেন, দাঁড়িয়ে কেন ?—টিকিট করতে হ'বে না ?

ক্যাপ্টেনের হুস্ই নেই! যেন প্রকাণ্ড একটা ভোজ খেয়ে দাঁতে খড়কে চালিয়ে আন্তে আত্তে বাড়ী মুখে। ফিরবে—এম্নি গদাই-লস্করী ভাব।

বল্লে, টিকিট ? টিকিট আবার কিসের ? রেল কোম্পানীকে পয়সা দিয়ে খেল্তে যেতে হ'বে নাকি ?

ক্যাপ্টেনের ভাব ভঙ্গী দেখে খেলোয়াড়দের চোখ কপালে গিয়ে উঠল।

সেই রোগা পট্কা ছেলেটি 'সেণ্টার ফরোয়ার্ডে' খেলে। এগিয়ে এসে বল্লে, বল কি ক্যাপ্টেন ? শেষ কালে খেলতে এসে হাতে দড়ি পড়বে নাকি ?

ক্যাপ্টেন কিক্ করে হেসে ফেলে বল্লে, হাঁা, হাতে দড়ি পড়লেই হ'ল—একি মগের মূল্লুক নাকি ? চল হে
—সব চল—এতক্ষণে বোধ করি 'সিগ্ন্যাল' নীচু করে
দিয়েছে।

ষে ছেলেটি গোলে খেলে—তার চেহারা যেমন গোল
—প্রাণের ভার ততোধিক!

প্রায় কাঁলো-কাঁলো হ'য়েই বল্লে, তা হ'লে ক্যাপ্টেন আমি ফিরেই যাই—আস্বার সময় ঠ্যান্পিসি পেছন থেকে ডাক্লে—মাথার ওপর একটা টিক্টিকিও বোধ করি টিক্-টিক্ করে উঠেছিল—মা বল্লে রাঁধা পায়েস কেলে যাচ্ছিস্—

ক্যাপ্টেন হুম্কি দিয়ে উঠে বল্লে—হাঁা, পায়েস—। কত খাবার খেতে পারিস্ রাস্তায় দেখ্বো। কাওয়ার্ড !

এই একটি কথায় যেন 'গোল কিপারের' পুরুষত্বে আঘাত লাগ্ল। তবু প্রাণের ভয় বড় ভয়, আস্তে আস্তে বল্লে, কিন্তু এই টিকিট না করে যাওয়াটা—

ক্যাপ্টেন তার মুখের কথাটা লুফে নিয়ে বল্লে, হাঁ।— হাঁা—টিকিট না করেই আমরা যাবো—তুই আমার সঙ্গে থাক্বি।

খেলোয়াড় দল এতক্ষণ হাঁ করে হ'জনের কথা গিল্ছিল—এইবার স্থযোগ, বল্লে, হাা—হাঁ।—আমরা সবাই ত' এক গাড়ীতেই উঠ্ব।

ক্যাপ্টেন মাথা নেড়ে বল্লে, না। রোগা পট্কা ছেলেটি বল্লে, না! কন্তু

চেকার যথন টিকিট চাইবে—আমরা কাকে দেখাবে। শুনি ?

ক্যাপ্টেন মাথা নেড়ে বল্লে, আহা তখন কি জবাব দিতে হ'বে—সেই কথাই ত' আমি বল্তে চাচ্ছি—কিন্তু তোরা বল্তে দিচ্ছিদ্ কৈ ?

—বেশ কি বল্ব শুনি ?—সবার কাছ থেকে সাগ্রহে এই প্রশ্ন এলো।

পা ছটো ফাঁক করে দাঁড়িয়ে ক্যাপ্টেন বল্লে, ছ'জন তিন জন করে এক এক খানা গাড়ীতে উঠ্বি। যদি চেকার টিকিট চায় ত' বল্বি টিকিট আমাদের ক্যাপ্টেনের কাছে—অন্ত গাড়ীতে আছে। সে ক্যাপ্টেন খুঁজে বের কর্ত্তে কর্ত্তে আমরা আসল যায়গায় গিয়ে হাজির হ'ব।

এতক্ষণে খেলোয়াড় দল নিশ্চিত্ত হ'য়ে হাঁক ছেড়ে বাঁচ্লে! তাহ'লে তাদের সত্যি বেঘোরে প্রাণ বোয়াতে হ'বে না।

শেষটা তাই হ'ল। ছ'জন তিন জন করে যে যে-গাড়ীতে উঠতে স্থবিধে পেলে উঠে পড়ল।

ক্যাপ্টেন আর ত্রটি ছেলের সঙ্গে একটা গাড়ীতে উঠে পড়ল।

পরের ফৌশন আস্তেই সঙ্গের ছেলে ছটি রকমারী খাবার ফিরি করতে দেখে ঢোক গিলে বল্লে, এরি মধ্যে ক্ষিদে পেয়ে উঠ্ল। সমস্তটা রাত্তির ত গাড়ীতে কাটাতে হ'বে।

খোক। বেঞ্চের একখারে কাত হ'রে শুয়েছিল— ওদের কথা শুনে উঠে বসে বল্লে, কিছু খাবি ? তা' বল্লেই ত' হয়, এই—খাবারওয়ালা এদিকে—এইবার গাড়ী ছাড়বার আগে যতখুসী খেয়ে নে।

ছেলে হুটিকে বেশী অনুরোধ করতে হ'লনা। খাবার-ওয়ালার হাত থেকে হুটো ঠোঙ্গা ভর্তী খাবার নিয়ে তার ষথাযোগ্য সদ্ব্যবহার সূরু করে দিলে। তখনো ওদের খাওয়া একেবারে শেষ হয়নি,—এমন সময় গাড়ী সিটি দিয়ে দিলে ছেডে।

খাবারওয়ালা—বাবু আমার পয়সা—বলে গাড়ীর পেছনে পেছনে ছুট্তে লাগ্ল।

ক্যাপ্টেন এ পকেট খোঁজে—ও পকেট দ্যাথে— আর বলে—য়াঁয়—আমার!

ছেলে ছটির খাবার তখন একেবারে গলায় গিয়ে ঠেকেছে! বলে, বল কি ক্যাপ্টেন পয়সা খোয়া গেল নাকি ?

পয়সা হাত ছাড়া হয় দেখে খাবারওয়ালা গাড়ীর হাতল ধরে লাফিয়ে উঠে ঝুল্তে লাগ্ল। ঠিক সেই সময় ক্যাপ্টেন—হাা—হাঁ। পাওয়া গেছে—পাওয়া গেছে —বলে আনন্দে চীৎকার করে উঠে একটা কুমাল



পকেট থেকে বের করে জান্লা দিয়ে বাইরে প্ল্যাট্ফরমের ওপর ফেলে দিলে। রুমাল সানের ওপর পড়তেই ঠন্ করে শব্দ করে উঠ্ল। সঙ্গে সঙ্গে খাবারওয়ালাও

গাড়ীর হাতাল ছেড়ে দিয়ে নীচে নেমে গেল।
সঙ্গের ছেলে ছটি চীৎকার করে উঠে বল্লে, আরে
ক্যাপ্টেন সব টাকা পয়সা শুদ্ধু রুমালটা ফেলে দিলে
নাকি ? বেশ ভারী বলেই মনে হ'ল যে! ঠন্ করে
একটা শব্দও কাণে গেল—না ?

ক্যাপ্টেন মুচ্কি হেসে বল্লে, হাঁা, ওরকম ঠন্ করে
শব্দ করার ব্যবস্থা আরো আছে—বলে পকেট থেকে
আরো গোটা কয়েক রুমাল বের করে দেখালে, সব
গুলোতেই টাকা বাঁধা আছে বলে মনে হ'ল।

ছেলে হুটি অবাক্ হ'য়ে বল্লে, এতগুলো কাঁচা টাকা এমন আল্গা ভাবে লোকে রাখে ? আর ও ধাবারওয়ালা বেটাকেই বা কত দিলে ?

ক্যাপ্টেন তেম্নি বিজ্ঞের হাসি হেসে বল্লে, কভ দিলুম দেখবি? বলে একটা রুমাল একজনের হাতে তুলে দিলে।

সে তাড়াতাড়ি রুমালটা খুলে ফেলে দেখে—গোটা কয়েক টিনের চাক্তি—টাকা আধুলি সিকি দোয়ানির মাপে কাটা!

অবাক্ হ'য়ে বলে, একি রে ! খাবার ওয়ালাকে এই রকম দাম দিলি নাকি ?

ক্যাপ্টেন মাথা নেড়ে বল্লে, হ[®]! কিন্তু শুধু তোদের ছটিকে খাওয়ালেই ত' চল্বে না—প্রতি ফৌশনে স্বাইকে যাতে খাওয়াতে পারি তার ব্যবস্থা করে রেখেছি—বলে পকেট থেকে রুমালগুলো বের করে তাদের চোখের সাম্নে নাড়া-চাড়া করতে লাগ্ল।

ছেলে চুটোর চোখ ততক্ষণে কপালের ওপর উঠে গেছে!

ইতি মধ্যে একবার এক টিকিট চেকারের শুভাগমন হ'য়েছিল। গন্তীর ভাবে ক্যাপ্টেন নিজেই বলে দিয়েছে আমরা খেলতে যাচ্ছি, টিকিট আমাদের ক্যাপ্টেনের সঙ্গে সেকেগু ক্লাশে।

সেবারকার মতো চেকার সেই কথাতেই চলে গেছে।

এখনো সেই টিকিট সম্বন্ধেই কথা হচ্ছিল। একটি ছেলে বল্লে—নাঃ খাবার খেয়েও মনে প্রাণে স্থখ নেই।

ক্যাপ্টেন জিজেদ্ করলে, কেনরে আবার কি হ'ল ? ও বল্লে. যদি চেকার বেটা আবার আসে ?

ক্যাপ্টেন জবাব দিলে, সে না হয় একটা বৃদ্ধি বাৎলে দিলেই হবে। আগে থেকেই ভেবে ভেবে আধমরা হ'য়ে থেকে কি লাভ ?

আর একটি ছেলে পায়ের কাছে কি একটা কুড়িয়ে পেয়ে বল্লে, ওরে এই যে একটা টিকিট পেয়েছি।—কিন্তু এ যে হাফ্ টিকিট!


সঙ্গের সেই ছেলেটি জবাব দিলে, হাফ্ টিকিটে কি হ'বেরে ? যাচ্ছি আমরা তিনজন—আর টিকিট দেখাবো আধখানা ? তা হ'লে ভাই আর খেল্তে যেতে হবে না —তারা তবে গাঁটের কড়ি খরচ করে—টিকিট কিনে সোজা পাঠিয়ে দেবে রাঁচি।

ক্যাপ্টেন একটা হাই তুলে বল্লে, আচ্ছা তা হ'লে আধখানি টিকিট আমার পকেটেই থাক্।

ঠিক এমনি সময় সেই টিকিট চেকারকে তাদের কামরার দিকে আস্তে দেখা গেল।

ছেলে ছটির তথন মুখের কথা বন্ধ হ'য়ে হুৎকম্প সুরু হয়েছে। ক্যাপেটন একবার ভাব লৈ পায়থানার ভেতর পালাই। কিন্তু হঠাৎ হাতের হাক্ টিকিটের দিকে নজর পড়তেই তার মগজ একেবারে সাক্ হ'য়ে গেল। সঙ্গের ছেলে ছটিকে বল্লে, ওরে তোরা শিগ্নীর বেঞ্চের তলায় ঢুকে পড়। তারা অবাক্ হ'য়ে বল্লে, বেঞ্চের তলায় গেলে বুঝি দেখতে পাবে না। ক্যাপ্টেন হুম্কি দিয়ে বল্লে, যা বলছি তাই কর না—

বেলোয়াড় হুটি সবে গিয়ে বেঞ্চের তলায় মাথা গলিয়েছে এমনি সময় চেকার ভেতরে ঢুকে বল্লে,—কৈ কোথায় তোমাদের টিকিট শিগ্গীর দেখাও—



ক্যাপ্টেন যেন—নাচের পুতুলের মতো তৈরী হ'য়েই ছিল। লাফিয়ে বেঞের ওপর উঠে একগাল হেসে

কেলে সেই হাক্ টিকিটখানা বের করে দিয়ে বল্লে, এই যে—

চেকার যেন আকাশ থেকে পড়ল।—ভন্কি দিয়ে বল্লে, কি রকম—তিন জন লোক—আ়র দেখাচছ একটা হাক্ টিকিট!

ক্যাপ্টেন মাথা নেড়ে বল্লে, তিন জন কোথায় ? বেঞ্চের ওপর একজন আর তলায় ত্রজন—হাফ্ টিকিট নয়ত কি পুরো টিকিট দেখাবো ?

কথা শুনে চেকারের হাঁ'টা আরো বড় হ'য়ে গেল— সেটা বন্ধ করবার ক্ষমতা পর্য্যন্ত তার লোপ পেল।

-ুতেওরা-

এই স্কুলের অনেক দিনকার একটা প্রথা আছে— যে গ্রান্সের ছুটির আগের দিন—ছেলেদের উৎসাহে একটা প্রীতি-সম্মিলনী হয় এবং তার পর থেকেই স্থক় হয়—আম খাবার লম্বা বন্ধ।

কিছুদিন হ'ল ভাষণ পরম পড়ার সকাল বেলাকার ক্লাশ চল্ছিল—ছুটিও ক্রমশঃ ঘনিয়ে আস্ছে—আর ছেলেদের ভেতর সম্মিলনীর উৎসাহটাও বেড়ে উঠ্ছে দিনকে দিন।

তাতে জুনিয়ার দলের উৎসাহই সব চাইতে বেশী। কেন না, এবার তারা চার গোলে সেই ভিন্ জেলার ইস্কুলকে হারিয়ে দিয়ে এসেছে। প্রথম দিন ত' তারা এমন ভাবে এসে ক্লাশে চ্ক্ল, যেন তাদের পা গুলো আর মাটীতে লাগ্ছে না। সবাই যেন আকাশ দিয়ে উড়ে চলেছে!

কাজেই এবারকার প্রাতি-সন্মিলনীতে জুনিয়ার
দলের যে প্রবল উৎসাহ হ'বে তাতে আর আশ্চর্য্য কি!
অনেক গবেষণা করে স্থির হল—সকালবেলাকার

ব্যাপার যখন—ছেলেদের আর্ত্তি হ'বে—গান হ'বে। ছোটো ছোটো নির্বাচিত দৃশ্য অভিনীত হ'বে—তারপর খাওয়া দাওয়া। মাফার মশাইরাও এ উৎসবে যোগ দিয়ে ছেলেদের আনন্দ দিগুণ বাড়িয়ে দেন।

জোর মহলা চল্লো ছেলেদের।

ইতিমধ্যে একদিন একটি ছেলে এসে বল্লে, পাশের গ্রামে কল্কাতা থেকে হু'জন ভদ্রলোক এসেছেন— একজন চমৎকার গান গাইতে পারেন আর একজন নাকি এমন রগড়ের হাস্ত-কৌতুক করেন যে—আসরের মাঝখানেই হাসতে হাসতে দমু ফেটে যাবার উপক্রম!

নতুন ধরণের আমোদের থোঁজ পেয়ে ছেলের। নতুন করে মেতে উঠ্ল।

নিজের নিজের আকৃতির খাতা ছুড়ে ফেলে দিয়ে বলে, এই রইল এবার আকৃতি আর রইল তোমাদের গান! কল্কাতার ঐ হাস্ত-কৌতুক আর গানের ব্যবস্থাই করতে হ'বে এবারকার প্রীতি-সম্মিলনীতে। প্রত্যেক বার একঘেয়ে প্যান্ প্রানানী—আর ভালো লাগে না।

ভোম্বলের "শুধু বিষে তৃই", গণেশের "প্রলয় নাচন"
—আর বিশ্বস্তরের "গ্রাম ছাড়া ঐ রাঙা মাটীর পথ"
প্রত্যেক বারের আসর একেবারে মাটী করে দেয়।

মাথা নেড়ে সবাই কথাগুলোয় সম্মতি দিলে।

যে ছেলেটি খবর এনেছিল—সে-ও বল্লে—ভদ্রলোক চটিকে একবার জানালেই তাঁরা খুসী হ'য়ে এসে প্রীতি-সম্মিলনীতে যোগদান করবেন।

ছেলেরা বল্লে, তবে ত' সোনায় সোহাগা। এবার ছেলেরা লাগ্লো অন্য কাজে। আরতি শিশ্বতে যতটা সময় নন্ট কর্চ্ছিল—তার চাইতে বেণী সময় দিতে লাগ্ল—এবার থেকে আসর সাজাতে। বাঁশ দিয়ে কি করে একটা মঞ্চের মতন তৈরী হ'বে—যেখানে দাঁড়িয়ে হাস্তকৌ তুকের রগড় করলে—সবাই দেখ্তে পাবে—তারপর—থামের মতন সব সারে সারে বসিয়ে—দেবদারু পাতা আর রঙ্গীন কাগজ দিয়ে সাজিয়ে দেওয়া, তু'পাশে কলাগছ পুঁতে চমৎকার তোরণ দার তৈরী করা—এই সব কাজের মোড়লী নিলে জুনিয়ার দলের ক্যাপেটন শ্রীমান খোকা।

কাজও অনেক দূর এগিয়ে এলো। এখন শুধু অনুষ্ঠানের দিন গোটা যায়গাটাকে সামিয়ানা দিয়ে ঢেকে—সতরঞ্চ বিছিয়ে দেয়া।

কিন্তু মাথায় বাজ পড়ল প্রীতি-সন্মিলনীর চু'দিন আগে।

যে ছেলেটি একদিন এসে কল্কাতার গায়কদের খবর দিয়ে সমস্ত ইস্কুলের ছাত্রদলকে উৎসাহিত করে তুলেছিল, সেই আবার ভগ্নদূতের মতো মুখখানাকে আম্শীর মতো করে এসে বল্লে, সর্বনাশ!

খোকা তখন মঞ্জের চারদিকে পদ্ম আঁকছিল। বল্লে, সর্বনাশটা কি শুনি ?

ছেলেটি হাঁপাতে হাঁপাতে বল্লে, খবরটা পেয়েই আমি ছুটে আস্ছি!

একটি ছেলে পাশে দাঁড়িয়েছিল, সে জবাব দিলে, সে ত'দেখুতেই পাচ্ছি—কিন্তু খবরটা কি শুনি ?

ছেলেটি বল্লে, ওগাঁয়ের ইস্কুলের ছেলেরাও আমাদের দেখাদেখি প্রীতি-সম্মিলনী স্তরু করেছে।

খোকা পদ্ম-পাতায় একটা আঁচিড় কেটে বল্লে, বেশ-ত' তাতে তোর এত হাঁপাবার দরকার কি ?

ছেলেটি চোখ ছটো একবার চারদিকে ঘুরিয়ে নিয়ে বল্লে, বারে! হাঁপাবো না ? আমাদের সেই কল্কাতার ভদ্রলোক হুটিকে ওরা টাকা দিয়ে সব ঠিক-ঠাক্ করে কেলেছে যে!

এরি মধ্যে সব ছেলে এসে হাঁ করে কথা গিল্ছিল। খোকা বল্লে. কি রকম ?

ছেলেটি বল্লে, হাঁা রকম আছে। একটু আড়ালে আয়। খোকা তাকে নিয়ে মঞ্চ ছেড়ে একটা জামরুল গাছতলায় হাজির হ'ল। বল্লে, ভণিতা রেখে ব্যাপারটা কি বলত ?

ছেলেটি গুবার ঢোঁক গিলে বার করেক আন্তাআন্তা করে বল্লে, এমনটি ঘট্ত না। কিন্তু ওইস্কুলের
সেক্রেটারী নাকি বুড়ো বয়েসে আবার বিয়ে কচ্ছে।
ছেলেরা তাই জানতে পেরে সবাই দল বেঁধে গিয়ে
ধরেছে—গ্রীতি-সন্মিলনী করবো—চাঁদা দিতে হ'বে।

রুদ্ধ নিঃখাসে খোকা বল্লে, তারপর ? ছেলেটি জবাব দিলে, তারপর আরো অবাক্ কাণ্ড। প্রকাণ্ড রূপণ বলে যার চিরদিনের নাম ডাক সেই সেক্রেটারী মশাই নাকি এক সঙ্গে নগদ কুড়িটি টাকা চাঁদা দিয়েছেন। তাই পেয়েই ত' ওদের এই কাণ্ড!

খোকা তাকে হিড়-হিড় করে টান্তে টান্তে বল্লে, চল্ যাবো সেই কেপ্পন সেক্রেটারী বাবুর কাছে। বল্ব, আমাদের আগে থেকে সব ঠিক-ঠাক্ হ'য়ে ছিল। তিনি কল্কাতার বাবুদের ছেড়ে দিন।

গোটা ইস্কুলের ছেলে কী একটা ঘটেছে ভেবে হা করে তাদের ত্রন্ধনের দিকে তাকিয়ে রইল।

খোকা ছেলেটকে নিয়ে যখন পাশের গাঁয়ে ইস্কুলের সেক্রেটারী সাহেবের বাসায় পোঁছুল—তথন ঠিক তুপুর বেলা।

জান্লা দিয়ে বাইরের ঘরে উকি দিয়ে দেখে—



ভদ্রলোক তাঁর পাকা চুলে কলপ মেখে চুল আঁচড়াচ্ছেন আর আয়নার সাম্নে দাঁড়িয়ে আপন-মনে ফিক্ ফিক্ হাস্ছেন।

ছেলে ছটিকে দেখ্তে পেয়ে মুখখানা ভারী করে সেক্রেটারী মশাই জিজ্ঞেস্ করলেন—কি চাই তোমাদের—?

খোকা মরিয়া হ'রে এগিয়ে গিয়ে সব কথা খুলে বলে জানালে—কল্কাতার ভদ্রলোক হুটিকে ছেড়ে দিতে হ'বে।

মুখখানা বাঙ্লা পাঁচের মতো করে সেক্রেটারী বল্লেন, সে ত'হবে না বাপু, ছেলেরা ঠিক ঠাক্ করে কেলেছে। এখন আমি কি করে তাঁদের ছেড়ে দি বল ?

খোকা মিনতি করে বল্লে, তা হ'লে আমাদের উৎসবের পরের দিন এখানে সম্মিলনী হোক।

সেক্রেটারী মশাই মাথা নেড়ে বল্লেন, তাও তো বাপু হ'বার যো নেই। তারপর দিনই আমাকে দার্ভ্জিলিং যেতে হ'বে, সবাই জানে—বলেই স্থান কাল ভুলে গিয়ে একটু মুচ্কি হেসে ফেল্লেন।

খোকা বুঝে নিলে—সেক্রেটারী মশাই তার পরদিন দার্জ্জিলিংএ বিয়ে করতে যাবেন।

মুখখানা লাল করে তৃজনে গ্রামের দিকে রওনা হ'ল। ছেলেটি বল্লে, তা হ'লে কি হ'বে ভাই ক্যাপ্টেন? খোকা বল্লে, দেখ্না মজা! আমি কি সহজে

ছাড়বো ? প্রীতি-সম্মিলনী আমাদের করা চাই। এবং কল্কাতার ঐ হ'জন ভদ্রলোককে নিয়েই।

ছেলেটি অবাক্ হ'য়ে বল্লে, কিন্তু তা কি করে সম্ভব হ'বে ভাই ?

খোকা তার পিঠ চাপড়ে দিয়ে বল্লে, হ'বেরে, হ'েব —তুই দেখে নিস্।

প্রীতি-সম্মিলনীর দিন তিন্ গাঁরের ছেলেরা সকাল বেলা এসে দেখ্লে—হেড মান্টার মশায়ের নাম সই করা এক নোটিস টাঙ্গানো রয়েছে—ঠিক ইম্বুলের ঘণ্টাটির ওপরেই। এই লেখা—

"সেক্রেটারীর দার্জ্জিলিং গমন উপলক্ষ্যে প্রীতি-সন্মিলনী বন্ধ রহিল।

সেক্রেটারী মহাশয়ের দার্জ্জিলিং যাওয়ার কথা ইতিপূর্বেই ভালো ভাবে প্রচারিত হ'য়েছিল। তবে দিনটা বদ্লে গেছে এই যা! অবিশাস করবারও যো নেই। অবিকল হেড্মাফার মশায়ের নিজের হাতের নাম সই।

ও গাঁয়ের ছেলের দল প্রতি বছর খোকাদের ইস্কুলের প্রীতি-সন্মিলনীতে এসে যোগ দেয়।

তারা যখন দেখ্লে—তাদের উৎসব বন্ধ হ'য়ে গেল

—তথন সবাই দল বেঁধে খোকাদের ইস্কুলের দিকেই রঙনা হ'ল।

খোকা সকাল বেলা থেকে ইস্কুলের পাশে ঝোঁপের



আড়ালে সেই ছেলেটির সঙ্গে দাঁড়িয়ে মজা দেখ্ছিল। এইবার বেরিয়ে এসে ছেলেটির কানে কানে বল্লে,

যা—এক্ষুনি গিয়ে কোল্কাতার ভদ্রলোক হুটিকে ডেকে নিয়ে আয়। আর যাবার মুখে নোটিসটাও একবার দেখিয়ে নিয়ে যাস। কিন্তু বেশী দেরী যেন না হয়! সেক্রেটারী আর হেড্ মাফার এনে পড়বার আগেই আমাদের গাঁয়ে গিয়ে হাজির হওয়া চাই।

ছেলেটিকে আর বেশী কিছু বল্তে হ'ল না। সেক্রে-টারীর ওপর সে হাড়ে হাড়ে চটেছিল। নিজে কথা দিয়ে তা রাখ্তে পারবে না বলে।

এইবার তাকে জব্দ করবার স্তযোগ পেয়ে লাফাতে লাফাতে ভদ্রলোক চুটিকে আন্তে চলে গেল।

আধঘণ্টা টাক্ বাদে হেড্ মাফীবের সঙ্গে 'চুলে-কলপ-লাগানো' সেক্রেটারী মশাই এসে যখন ইস্কুলের আজিনায় হাজির হ'লেন—তখন তাঁদের অভ্যর্থনা করবার জন্যে একটি পিঁপডেও বসে নেই!

ততক্ষণে খোকাদের ইস্কুলে ছটি গাঁরের সমস্ত ছেলে মিলে কল্কাতার রগড় শুন্তে শুন্তে—হেসে মাটীতে গডিয়ে পডছিল।

—cहोम्द्र—

সমস্তটা বছর ক্লাসের মোড়লী, ফুটবল টীমের ক্যাপ্টেনী এবং বাড়ীতে নন্দ হলালী করে—বছর শেষে যখন বাৎসরিক পরীক্ষা এসে সাম্নে ক্রকুটি করে দাঁড়ালো তখন পাঠ্য-পুস্তকের দিকে তাকিয়ে খোকা দেখ্লে—অনেকগুলো বইয়েরই পাতা কাটা হয় নি। কিন্তু এখন উপায়!

হেড্মাফীর মশাই কড়া হুকুম দিয়ে দিয়েছেন— যে একটি বিষয়ে ফেল্ করবে—তাকে হাজার কান্না-কাটি করলেও ওপবের শ্রেণীতে তুলে দেওয়া হ'বে না।

আর খোকাত' একাই নয়। ক্লাশকে ক্লাশ শুদ্ধুই যে সেই ব্যাপার! মোড়ল যদি বইয়ের পাতা না কাটে ছেলেরাই বা কি করে মলাটের পাতাটা উল্টে দেখে!

ওদিকে বাড়ীর ভয় ত' সবাইকারই আছে।

মীমাংসার জন্মে একদিন বিকেলকার খেলার শেষে
গুপুচক্রের বৈঠকী হ'ল। সভায় স্থির সিদ্ধান্ত হ'ল—
সবাই দল পাকিয়ে কায়দা করে বই নকল করে
পাশ করতে হ'বে।

মহা উল্লাসে যে যার ঘরে ফিরে গেল।

কিন্তু পরীক্ষার ত্র'দিন আগে হেড্ মান্টারের সার্কুলার শুনে স্বাই চোখে সর্বে ফুল দেখ্তে স্থরু করলে।

হেড্ মান্টার স্পন্ট জানিয়ে দিয়েছেন—পরীক্ষা দিতে বসে কারো সঙ্গে কারো কথা বলা একেবারে নিষেধ। আর শুধু তাই নয়—প্রতি হুটো বেঞ্চের জন্মে একজন করে গার্ড থাক্বে, তার কাজই হ'বে—ছেলেরা টুকে লিখ্ছে কিনা তাই দেখা।

বিনোদ বলে, তা হলে এ বছর এই ক্লাশেই থাক্তে হ'বে দেখ্ছি।

ফণী এক টিপ নস্থি নিয়ে বল্লে,—ভাবছি কাল সেজমামার সঙ্গে মামার বাড়ী চলে গিয়ে একটা ডাক্তারের সার্টিফিকেট পাঠিয়ে দেবে।।

হীরু বল্লে, কিন্তু আমার মামা ত' ডাক্তার নয়—আর তা ছাড়া এখন মামার বাড়ী যাবার কথা তুল্লে, বাড়ীতে খাওয়া বন্ধ করে দেবে।

খোকা বল্লে, কাউকে কিছু ভাবতে হ'বে না—আমরা যদি এক জোটের হই ত' গার্ড আমাদের কি করবে ? বইয়ের কোনু পাতায় যে কি আছে তাই আমাদের

কারে। জানা নেই—এখন সেইগুলোই এই ত্ইদিন উল্টে পাল্টে স্বাইকে দেখে রাখ্তে হ'বে।

সভা ভেঙ্গে গেল।

—এবং তদিন বাদে যথারীতি পরীক্ষাও স্থক হ'ল। ছেলেদের এবার মুখে রা নেই। শুধু কলমের ডগাটা কামড়ায় আর কড়ি কাঠের পানে হাঁ করে তাকিয়ে তাকিয়ে টিকটিকির লড়াই দেখে।

টিফিনের পর একজন গার্ড ত' একটি ছেলেকে ইংরাজী বই থেকে লুকিয়ে লুকিয়ে টুক্তে দেখে সোজা একেবারে হেড্ মাস্টারের কাছে ধরে নিয়ে হাজির!

তারপর থেকে কেউ আর কারো পানে চাইতে পর্য্যন্ত সাহস পায় না—কথা বলা ত' দূরের কথা।

কিন্তু খোকার লেখার বিরাম নেই। সবাই ভাবে
—এ ছোক্রা ছদিনের মধ্যে গোটা বইটা মুখস্ত করে
কেল্ল নাকি ?

রকম-সকম দেখে গার্ডরা ঘন ঘন তার পেছন দিয়ে আনা-গোনা ফুরু করল। কিন্তু খোকা মনযোগী ছেলের মতো শুধু লিখেই চলেছে অন্থ দিকে তাকাবার পর্যান্ত ক্রসৎ তার নেই!

খোকার লেখার স্পাড দেখে অত্যাত্ত ছেলেদেরও

ভাব যেন একেবারে অগ্য ভাবে ঘুরে গেল। যারা একেবারে কলম উচিয়ে সঙ্গীণ করে বসে ছিল কিম্বা— সময় কাটানোর জ্বত্যে খাতার পাতায় লক্ষ্মী পাঁচার মুখ আঁক্ছিল তারাও আস্তে আস্তে প্রশ্নের জ্বাব দিতে স্কুক্ করলে।

নাঃ—তারপর একেবারে অবাক্ কাণ্ড! গোটা ক্লাশ শুদ্ধু ছেলে এমন মনোযোগী হ'য়ে খাতার ওপর ঝুঁকে পড়ল যে, দেখে ভয় হ'ল যে দপ্তরীর আনা এক কামরা ভর্ত্তি যত খাতা—ওরা সব আজ এক দিনেই লিখে শেষ করে ফেলবে।

পরদিনও খোকার কলম চলা স্থক হও্য়ার সঙ্গে সঙ্গে সমস্ত ক্লাশের ছেলে চঞ্চল হ'য়ে উঠে যে যার খাতায় ঝুঁকে পড়ল।

গার্ড রা ব্যাপার দেখে এ-ওর মুখ চাওয়া চাউয়ি করে টেবিলের তলায় উকি মেরে দেখে—কেউ কেউ হ'একটি ছেলের পকেট-পত্তরও খানাতল্লাস করে ফেল্ল। কিন্তু কারো কাছ থেকেই এক টুক্রা কাগজ বেরুলো না।

হেড্ মাফীরের আদেশে গার্ডের সংখ্যা বেড়ে গেল, কিন্তু সঙ্গে সঙ্গে ছেলেদের লেখার স্পাডের মাত্রাও কিছুমাত্র কম্ল না।

এমনি করে একদিন, ছদিন, তিনদিন যায়— পণ্ডিত মশাই থেকে স্থক করে—সকলকারই চোধ ছানা-বড়া হ'য়ে উঠ্ল। বল্লে, এমন পড়ুয়া ত'এরা কোনোদিনই ছিল না। রাতা-রাতি সবাই এমন বৃহস্পতি হ'য়ে উঠ্ল কি করে!

শেষ দিনের দিন—বুড়ো গার্ড শশীবারু বাড়ী কেরবার মুখে থোকাকে রাস্তায় ধরে বল্লে, আচ্ছা বাপু, একটা কথা তোমায় জিজ্ঞেদ করি—আমি বুড়ো মানুষ সত্যি করে জবাব দাও ত—

থোকা অবাক্ হবার ভান্ করে বল্লে, বলুন—

শশীবাবু খোকার মাথায় হাত বুলিয়ে বল্লেন, আচ্ছা বাবাজা, তোমায় ত' বরাবর দেখে আসছি—এত সরেস ছেলে ত' তুমি কোনোদিন নও। কি করে—সব কি করে পরীক্ষাটা দিলে বলত ?

আর শুধুকি তুমি! তোমার সঙ্গে সঙ্গে সমস্তটা ক্লাশ ?

মূচ্কি হেসে খোকা বল্লে, কাউকে বলে দেবেন না, আমায় কথা দিন।

শশীবাবু গোঁকের ফাঁকে মুচ্কি হেসে বল্লেন, বুড়ো মানুষের কথা বিশ্বেস কর। কোনো রকমে ধরতে

পারিনি বলেই জিজ্ঞেস কচ্ছি। নিশ্চিন্ত থাক্তে পারো। আমার মুখ থেকে কোনো কথা বেরুবে না।



খোকা ফস্ করে. ত্র'পাটী জুতো পা থেকে খুলে কেলে। তার ভেতর ছোট ছোট অক্ষরে লেখা পাট-করা সব কাগজের ফর্দ্দ। বল্লে, এই দেখে লিখেছি আমি, আর আমার দেখে লিখেছে গোটা ক্লাশ।

শুনে বুড়ো শশীবাবুর চশমা জোড়া নাকের ডগার ওপর এসে থম্কে দাঁড়ালো। চোধ হুটো উঠে গেল— একেবারে উদ্ধে।



-পুনর-

সেবার শশীবাবু তাঁর কথা রেখেছিলেন। নইলে এত কাণ্ডের পরও ক্লাশ শুদ্ধ ছেলে পরীক্ষায় পাশ করল কি করে!

প্রমোশনের পর নূতন ক্লাশে উঠে ছেলের। আবার ধরাকে সরা দেখতে স্থুক্ত করল।

তা' ছাড়া সঙ্গে সঙ্গে সরস্বতী পূজোর উভোগপর্বও সুরু হ'ল।

মাঘ মাসেই পূজো। প্রমোশনের পর বেশী দিনও আর বাকী থাকে না।

কাজেই ছেলেদের নতুন বই কিনে মলাট দেয়া অবধিই! সেগুলো সব এক কোণে সরিয়ে রেখে— কোমরে কাপড় জড়িয়ে সবাই সরস্বতী পূজোর আনন্দে মেতে ওঠে।

নিতাই বল্লে, এবার আমরা পূজোয় যাত্রার দল আনুবো—

খোকা আঁৎকে উঠে বল্লে, সর্ববনাশ ! আবার যাত্রা ! কিন্তু বাপু আমি তার মধ্যে নেই !

পুরাণো কথা মনে হ'তে সবাই একসঙ্গে হো— হো—করে হেসে উঠ্ল।

বিষ্ট্ বল্লে, আচ্ছা, শ্যামনগরের জমিদারের কাছ থেকে একদিনের জগ্য তাঁর হাতীটা চেয়ে নিয়ে এলে হয় না ?

অধিকা কোড়ন দিয়ে বল্লে, তোর আবার হাতী চড়ার সথ হ'ল কবে থেকে রে ? লোকের ঘোড়া রোগ হয় শুনেছি। কিন্তু হাতীর রোগ এই প্রথম দেখ্লাম।

বিষ্ট্র বল্লে, না-রে পাগল, না—হাতীটা পাওয়া গেলে তার পিঠে আমাদের প্রতিমা চাপিয়ে চমৎকার প্রসেশন বের করা থেতো। পাশের গ্রামের ইস্কুলের ছেলেরা হাঁ করে চেয়ে দেখ্তো—

খোকা বল্লে, হাতী ঘোড়া এখন থাক্। প্রতিমা
আমাদের আশে-পাশের সবার চাইতে বড় আর জম্কালো হওয়া দরকার। এবার ধে করে পাশ করেছি
—মা সরস্বতীর রূপা থাক্লে সব হয়—এই বলে সে চুটি
হাত জোড় করে উদ্দেশ্যে ভক্তের মতো নমস্বার করলে।

বিষ্টু উৎসাহিত হয়ে উঠে বল্লে, হাঁা সে ত' করতেই হ'বে, নইলে আমাদের ইস্কুলের নাম থাক্বে কি ক'রে! আর ইস্কুলের নাম হ'লেই ত' আমাদের মুখ উজ্জ্ল!

খোকা জবাব দিলে, উজ্জ্বল ত' বটেই! কিন্তু ধে জিনিষটা সব চাইতে উজ্জ্বল তার ব্যবস্থা কর, নইলে সব ফাঁকা।

বিষ্ট্, অম্বিকার মুখের দিকে তাকায় আর অম্বিকা তাকায় খোকার মুখের দিকে। উজ্জ্বল জিনিষ্টি কি বস্তু ?

—খোকা বল্লে, চালা—হে, চালা—এবার সবাইকার কাছ থেকে ডবল চালা আলায় করো, তবে ত হবে জাক্জমকে পূজো! চাই কি শ্যামনগরের জমিলারের হাতীটাও একদিনের জন্যে এনে কাজে খাটানো যেতে পারে।

চাঁদা আদায় করা কি সহজ ব্যাপার? সবার মূখেই এক কথা! দেবো'খন আনা চারেক পয়সা।


কিন্তু সবাই যদি আনা চারেক করে পয়সা দেয়— তবে আসর জমবে কি করে ?

যাদের ওপর চাঁদা আদায় করবার ভার পড়েছিল খোকা তাদের কাণে কাণে মন্ত্র দিয়ে দিলে। সেই ওযুধে ধন্বন্তরীর মতো অব্যর্থ ফল ফল্তে লাগ্লো।

পণ্ডিত মশাই ক্লাশ নিতে নিতে ঝিমুচ্ছেন—হঠাৎ চোখ মেলে তাকাতেই দেখ্লেন টেবিলের ওপর থেকে নস্তির কোঁটা উধাও হ'য়ে গেছে।

নেই—ত' নেই-ই, গোটা ক্লাশেই তার পাতা পাওয়া গেল না।

ছেলেরা বলে, আপনি যদি সরস্বতী পূজোতে এক টাকা চাঁদা দেন ত' আমরা আপনার নস্থির কোটো যে করেই হোক্ খুঁজে বার করে দেবো।



সমস্ত পৃথিণীতে ঐ একট মাত্র জিনিষ, যার বিরহ
পণ্ডিত মশাই একটি মুহূর্ত্ত সক্ষ করতে পারেন না।
কাজেই আন্তে আন্তে পকেট থেকে একটি চক্চকে
টাকা ছেলেদের হাতে তুলে দিতে হ'ল। পর মূহর্ত্তই

দেখা গেল—যেখানকার নস্থির কোটা সেইখানেই আছে!

কেরানীবাবু অপিস ঘরে বসে হিসেব কস্তে কস্তে হঠাৎ একটু ঢুল খেয়েছেন, চোখ মেলে তাকিয়েই দেখেন, দোয়াতদানীর পাশে রাখা স্ততো বাঁধা বহু প্রাচীন চশমা জোড়া একেবারে নিরুদ্ধেশ!

এ পকেট গোঁজেন, ও পকেট দেখেন—নাঃ, কোথাও নেই।

ছেলেরা এসে ধরলে চাঁদা দিতে হ'বে। তখন আর এতটুকু বুঝতে বাকি রইল না! আপিসের কাজের তাড়া, তাড়াতাড়ি চশমাটি চাই। ছেলেদের চটাতে পারেন না। তাই নগদ একটি টাকা দিয়েই তাদের বিদেয় করতে হ'ল। সঙ্গে সঙ্গে চশমাও নাকের ডগার ওপরে এসে পৌছুলো।

এমনি কেরামতি করে চাঁদা নেহাৎ মন্দ উঠ্ল না।
প্রতিমার করমাস হ'ল, ইস্কুল ঘরের আমূল সংস্কার
হ'ল, বড় বড় তোরণ উঠ্ল—ইস্কুলে ঢোকবার সাম্নেকার রাস্তায়—একেবারে হৈ-হৈ—রৈ-রৈ ব্যাপার!
শেষকালে পূজোর দিনও এগিয়ে এলো। পূজোর
আগের দিন সন্ধ্যে বেলা—খোকা তার জনা কয়েক

অন্তরঙ্গ বন্ধুকে গোপনে ডেকে বল্লে, দেখ, শ্যামনগরে লোক পাঠিয়েছিলাম—হাতীর জন্যে।

সবাই কোতৃহলা হ'য়ে প্রশ্ন করলে, কি—কি হাতী পাঠিয়েছে ত ?

বিষ্টু বল্লে, কিন্তু হাতী রাখবি কাদের বাড়া ? খোকা ধমক দিয়ে উঠে বল্লে, না, হাতী পাঠায় নি। সবার মুখ থেকে দীর্ঘ নিঃশাসের সঙ্গে বেরিয়ে এলো পাঠায় নি।

খোকা বল্লে, কিন্তু ওদের জব্দ করতে হ'বে আমাদের
—সবাই মাথা নেড়ে বল্লে, নিশ্চয়—নিশ্চয়! অম্বিকা
বল্লে, ও! হাতীকে চুপি চুপি ধুত্রোর বাচি খাইয়ে
আস্বি বৃঝি।

খোকা ব্যস্ত হ'য়ে বল্লে, না-রে না—! শ্যামনগরের জমিদারের প্রকাণ্ড ফুলের বাগান আছে জানিস্ ত ? সবার কাছ থেকে জবাব এলো—হাঁ৷—হাঁ৷!

খোকা বল্লে, আজই আমরা রওনা হ'ব। কাল্কের পূজোর জন্যে সব ফুল চুরি করে আনা চাই!

এ সব বিষয়ে খোকার সঙ্গী সাথীদের অদম্য উৎসাহ! ধরে আনতে বল্লে বেঁধে আনে!

বল্লে, এত' থুব ভালে। কথা—তা' হলে চল কোমরে কাপড জডিয়ে রওনা হ'য়ে পড়ি—

খোকা হেসে ফেলে বল্লে, দূর বোকা, খেয়ে দেয়ে একটু বেশী রাভিরে রওনা হ'ব।

বাড়ীতে জান্বে আমরা রোজকার মতো থেয়ে দেয়ে ঘুমিয়েছি। তারপর চুপি-চুপি সট্কান দিলেই হ'বে।

শীতের ঠাণ্ডা রাত্তির। পাঁচটী প্রাণী র্যাপার মুড়ে আস্তে আস্তে শ্যামনগরের দিকে রওনা হ'ল।

কুয়াসায় রাস্তা ভালো দেখা যায় না—কিন্তু তাদের উৎসাহের অভাব নেই। শ্যামনগরে গিয়ে যখন সবাই পৌছল—তখন শেষ রাত্তির !

খোকা বল্লে, আর দেরী নয়, এর পর মালীরা জেগে উঠ্লে মুস্কিল। ঝুপ্ ঝুপ্ করে পাঁচটা প্রাণী অন্ধকারে গা ঢাকা দিয়ে বাগানের ভেতর ঝাঁপিয়ে পড়ল।

এক সাজি বড় বড় গোলাপ সবে তোলা হ'য়েছে হঠাৎ ভীষণ একটা ডাক শুনে সবাই সশক্ষিত হ'য়ে উঠ্ল। অন্বিকা থর-থর করে কাঁপ্তে কাঁপ্তে বল্লে—বাঘ—কিন্তু বাঘ যে নয় তার প্রমাণ পাওয়া গেল পর মূহুর্ভেই—যথন জমিদারদের লম্বা বিকটাকার কুকুরটা লাফিয়ে তেডে এলো।

ছোট্ ছোট্ ছোট্! কোথায় পড়ে রইল গোলাপ, আর কোথায় রইল গায়ের র্যাপার!



খোকা অন্ধকারের ভেতর যেমন হোঁচট্ খেয়েছে—
কুকুরটা রা—রাশক করতে করতে হাঁ করে এগিয়ে এলো।
আবার একটু হলেই কামড় বসিয়ে দিয়েছিল আর কি!

কিন্তু সাবাস খোকার বৃদ্ধি! হাতে ছিল ফ্লের সাজি, তাড়াতাড়ি তারই হাতলটা কুকুরের মুখের ভেতর পুরে দিয়ে পুকুর সাঁতরে এপারে এসে হাজির।

কিন্তু আমরা জানি গাঁয়ে ফিরে তারা সব কথা বেমালুম হজম করে গেল।

-**বে**শল-

সরস্বতী পূজো জাক্ জমকে শেষ হ'ল। কিন্তু খোকার দলপতিত্বে তার সঙ্গী সাথীর দল তারই ভেতর হ'হাড়ী ভত্তী রসগোলা আর পানতোয়া কোন ফাঁকে বন্ধু রাজেনের বাসায় চালান করে দিল।

স্থাবিধে ছিল যে, রাজেনের বাসায় বড়রা তখন কেউ ছিল না। বাড়ার কর্তা রাজেন নিজেই—আর তার স্থা স্থাবিধের জন্মে বুড়ো ঠাকুর আর পশ্চিমে চাকুর।

সমস্ত গোলমাল সন্ধ্যের মধ্যেই মিটে গেল।

এইবার খোকাদের নৈশ-সন্মিলনী বস্বে রাজেনদের বৈঠকখানা দরে।

অঞ্চলি দেয়ার সময় যখন সবাই মন্ত্র পড়ায় ব্যস্ত ছিল—সেই ফাঁকে এরা কানাকানি করে নিজেদের প্ল্যান সব ঠিক করে রেখেছিল।

এতক্ষণ অন্ধকারের জন্মে যা অপেক্ষা! রাজেনের দাদার একটা প্রকাশু গোল টেবিল বৈঠকখানা ঘরের মাঝখানে পাতা ছিল। ছেলেরা সবাই তটো-পুটা করে তারই ওপর হাঁড়ী ঘটো তুলে নিলে। এখন টপাটপ্ তুলে নিয়ে মুখে দিতে যা' দেৱী!

রাজেন বল্লে, দাঁড়া সবাই, বাগান থেকে কলার পাতা কেটে নিয়ে আসি, বৈকুণ্ঠ তাকে থামিয়ে দিয়ে বল্লে, না—-না, কলার পাতায় কি হ'বে ? অন্ধকার রাভিরে আবার এখন তোকে বাগানে চুক্তে হ'বে না, টুক্ করে হাঁড়ী থেকে তুল্বি আর মুখে পুরবি, একেবারে



কাকের মতো চোথ বুঁজে—কেউ দেখ্তে পাবে না। খোকার ছই চোথ ছ'হাঁড়ীর দিকে—জিব দিয়ে টক্' করে লাল পড়ে আর কি—

সবে একটা মুখে পুরে "বৌনি" করেছে-হঠাৎ

জান্লার ফাঁক দিয়ে উঁকি মেরে নিতাই চাপা গলায় ফিস্ ফিস্ করে বলে উঠ্ল —সর্বনাশ!

বৈকুণ্ঠ মুচ্ কি হেসে বল্লে, কিরে গলায় ঠেক্ল নাকি ? নিতাই আবার জান্লার ফাঁক দিয়ে দেখে বল্লে, না-রে না—হেড্ মাফার আস্ছে!

ততক্ষণে খোকার মুখের পানতোয়া ব্রক্ষতালুতে গিয়ে ঠেকেছে! খক্ খক্ করে কাশ্তে কাশ্তে বল্লে, যা ভেবেছি তাই! ব্যাটা গোবর্জনকে আমরা দলে টানিনে বলে—এ ছোঁড়া সব বলে দিয়েছে!

রাজেন বল্লে, এখন উপায়! খোকা লাফিয়ে উঠে বল্লে, রাজেন শিগ্নীর শুয়ে পড়—টেবিলটার ওপর!

অবাক্ হ'য়ে রাজেন বল্লে; টেবিলটার ওপর শুয়ে পড়ব ? কিন্তু কেন ?

তার কথার কোন জবাব না দিয়ে এক রকম জোর করেই খোকা তাকে টেবিলের ওপর শুইয়ে দিয়ে চাদর দিয়ে আগাগোড়া ঢাকা দিয়ে দিলে। তারপর সবার দিকে চোখ ঘুরিয়ে 'গলাটাকে খাটো করে বলে, এই তোরা সব এক সঙ্গে মরা কালা স্থক করে দে—এক সঙ্গে, হেড্ মাফীর মশাইকে ঘাব্ডে দেয়া চাই। শেষটায় যা করতে হয় আমি করবো।

আজ্ঞাকারী চ্যালা চামুণ্ডার দলকে আর বিশেষ কিছু বল্তে হ'ল না। থিয়েটার পার্টির মতো তারা এক সঙ্গে 'কি হ'ল রে'—বলে বুক-ফাঁটা চীৎকার স্থুক় করে দিলে।

হেড্মান্টার মশাই চুপি চুপি এসেছিলেন রসগোলা চোর ধরতে। কিন্তু দোর গোড়ার সাম্নে এসে মরা-কালা শুনে তিনি একেবারে থম্কে দাঁড়ালেন।

শেষটায় আরো অবাক্ হ'য়ে গেলেন—যখন খোকা একবারে কোঁপাতে কোঁপাতে তার পায়ের কাছে এসে বসে পড়ল।

বল্লে, আমাদের সর্বনাশ হ'য়ে গেছে মান্টার মশাই। রাজেন একা বাড়ীতে ছিল। ওর দাদা বলে গিয়েছিলেন আমাদের এদে মাঝে মাঝে দেখাশুনো করতে।

পূজো শেষ হ'তে আমরা দল বেঁধে এলাম ওকে বাসায় পৌছে দিতে। কিন্তু এদিকে ব্যাপার দাঁড়ালো অন্তর্কম। বাসায় এসেই রাজেনের একবার দাস্ত আর একবার বমি···তার পরই সব একবারে ঠাণ্ডা!

সর্বনাশ কলেরা—! বলেই হেড্মান্টার মশাই
ভ'পা পেছিয়ে গেলেন।

খোকা আর একটু দরজার দিকে এগিয়ে গিয়ে বল্লে, সেজত্যে আপনি কিছু ভাব্বেন না মান্টার মশাই—

আমরাই সব বন্দোবস্ত করে ওকে শাশানে নিয়ে যাচ্ছি এখন।

হেড্ মাফীর মশাই দাঁড়িয়ে খানিকক্ষণ কি ভাব্লেন, তারপর কপালটা কুঁচ্কে বল্লেন, কিন্তু এই রাত্তিরে শ্রশানে অভটা রাস্তায় তোমাদের ত' আমি ছেড়ে দিতে সাহস পাচ্ছিনে—! আমিও তোমাদের সঙ্গে যাবো—

খোকা মনে মনে ভাব্লে এইবারই সত্যিকারের সর্বনাশ! পেছন ফিরে দেখ্লে—ছেলেরা আর ওদিকে —চাদরের তলায় রাজেন হাত বাড়িয়ে টুক্টুক্ করে পান্তোয়া রসগোল্লা নিয়ে অবিশ্রান্ত গালে পুরে যাচেছ!

এ-ত' চোখের ওপর দেখে কিছুতেই বরদাস্ত করা যায় না! পেছন দিকে হটে গিয়ে দিলে—রাজেনের হাতে কোসে এক রাম-চিম্টি।

আচম্কা চিম্টি খেয়ে রাজেন 'উঃ' করে চেঁচিয়ে উঠ্ল!

হেড্ মাফার মশাই আঁংকে উঠে বল্লেন, ওকি ? খোকা নিজেকে সাম্লে নিয়ে জবাব দিলে, আজে, ঐ নিতাইটা। ভয়ানক ভয় পেয়েছে কিনা—!

হেড্ মান্টার মশাই মাথা নেড়ে বল্লেন তাহ'লে
ত' কিছুতেই তোমাদের এই রাত্তিরে একা একা শ্মশানে

পাঠাতে পারিনে! আমিও যাবো তোমাদের সঙ্গে। তোমরা খাটিয়ার ব্যবস্থা কর—

বাইরের বারান্দায় রাজেনদের দরোয়ান বেহারী সিংয়ের একটি খাটিয়া ছিল। আর বেহারী সিং চলে গিয়েছিল রাজেনের ভাইয়ের সঙ্গে। কাজেই আপত্তি করবার কেউ ছিল না।

খোকার ইসারা পেয়ে ছেলের দল ধরাধরি করে রাজেনকে তারি ওপর চাপিয়ে মোটা রসি দিয়ে বেশ ভালো করে বেঁধে ফেল্লে।

রাজেন এতক্ষণ ঘাপ্টি মেরে চুপ করে ছিল, এইবার ওঠবার চেক্টা করে বল্লে, ওরে তোরা আমায় শাশানে নিয়ে পুড়িয়ে মারবি নাকি ?

খোকা চুপি চুপি ধন্ক দিয়ে বলে, বাচ্তে চাস্ত চূপ্করে শুয়ে থাক্। নইলে হাঁড়ি শুদ্ধু এক্ষুনি হেড্ মাফার মশায়ের কাছে ধরিয়ে দেবো। এর পর রাজেনের মুখ দিয়ে আর কোন শব্দ বেরুলোনা।

হেড্ মান্টার মশাইকে সান্নে রেখে—খাটিয়া কাঁথে তুলে নিয়ে ছেলের দল "বল হরি—হরি বল" শব্দ করে বাড়ী থেকে বেরিয়ে পড়ল।

দল যথন গিয়ে মাফার মশাইর বাড়ীর সান্নে

পৌছল, তিনি থন্কে দাঁড়িয়ে বল্লেন, তোমরা এগিয়ে যাও—আমি বাড়ীর ভেতর থেকে গামছাটা নিয়ে আস্ছি।

হেড্ মাফার চলে যেতেই থোকা রাজেনকে খাট থেকে নামিয়ে দিয়ে বল্লে, পেছনকার রাস্তা দিয়ে ছোট্ সবাই—

এইবার ফিরে গিয়ে হাঁড়ী ছটো শেষ করতে হ'বে। বৈকুণ্ঠ বল্লে, কিন্তু হেড্ মাফীর মশাই ?

খোকা তাচ্ছিল্যের হাসি হেসে বল্লে, আরে বল্লেই হ'বে—আমরা গোঁসাইর ঘাটে যাইনি, হাটখোলার শুশানে গিয়েছিলাম।

নিতাই তখনো নাছোড়বান্দা! শুধোলে, কিন্তু বাজেন ? জল-জ্যান্ত ওটাকে মেরে ফেলা যাবে কি করে ?

খোকা মরিয়া হ'য়ে জবাব দিলে আরে সে বৃদ্ধি পরে বাৎলানো যাবে—ওদিকে হাঁড়ী তুটো বোধ করি রাজেনের পশ্চিমা চাকরটাই শেষ করে ফেল্লে!

-श्टाकदेश-

বৰ্ষাকাল।

টুইটুমুর জলে গোটা গ্রামটা একেবারে ভর্তি। ছেলেরা মনের স্থাখে বিকেল বেলা বৈঠে চালিয়ে নৌকা বায়—প্রোতের মুখে হাল ছেড়ে দিয়ে ভাটিয়ালী স্থারে গান গায়।

আবার কখনো বা নোকে। দূর নদীতে গিয়ে পাড়ি জমায়—ফিরতি মুখে কোনো চড়ায় নোকে। লাগিয়ে সবাই মিলে দল বেঁধে চড়ুই ভাতি করে আমোদ জমায়।

হেড্ মান্টার মশাই একদিন ইস্কুলের ছেলেদের ডেকে বল্লেন, তোমরা নৌকা করে নদীতে যাও—কিন্ত সাঁতার জান তো?

সবাই এক সঙ্গে হাত তুলে বল্লে, হাাঁ, স্থার— সবাই—

হেড্ মাফার মশাই খুসী হ'য়ে বল্লেন, বেশ, বেশ, তা হ'লে একদিন—সেনের পুকুরে সাঁতার প্রতি-ধোগিতার ব্যবস্থা করা যাক্। যে প্রথম হ'বে—তাকে
আমি সোনার মেডেল দেবো।

ছেলের দল উৎসাহিত হ'য়ে উঠলো। কেন না— প্রত্যেকেই এক একটি জলের পোকা। এরা জলে নাম্লে শুধু ব্যাঙাচীর মতো সাঁতরায়—তখন মনে হয় যে বুঝি এরা জলেরই জীব, ডাঙ্গায় এরা হাঁটুতে জ্ঞানে না।

সাঁতারের বিষয় হ'ল—সেনেদের পুকুরের বাঁধানো ঘাট্লা থেকে ওই পারে এক ডুবে চলে যেতে হ'বে—সেধানকার শাপ্লা বন থেকে—একটা শাপ্লা তুলে আবার আর এক ঘাট্লায় এসে যে সেটা সকলের আগে হেড্ মান্টার মশায়ের হাতে তুলে দিতে পারবে—সোনার মেডেল হ'বে তারই প্রাপ্য।

ছেলেরা নাওয়া খাওয়া ভুলে সাত দিন আগে থেকেই ডুব-সাঁতারের কসরৎ স্তরু করলে।

কেউ বল্লে, আমি এক ড়বে পুকুরের মাঝধান থেকে মাটা তুল্তে পারি—

কেউ বল্লে, আমি পুরো এক ঘণ্টা ডুব দিয়ে জলের তলায় থাক্তে পারি।

কেউ বল্লে, আমি এক ডুবে সেনেদের পুকুরের মতো হুটো পুকুর সাঁতরে পার হ'তে পারি—

যাই হোক্—সাতটা দিন বৈত নয়! দেখতে দেখতে কেটে গেল।

প্রতিযোগিতার দিন হেড্ মান্টার মশাই ইস্থুলের ছুট দিয়ে দিলেন।

গ্রামের ছেলে মেয়ে বুড়ো সবাই এসে সেনেদের পুকুরের ঘাট্লায় হাজির হ'ল। যারা সাঁতার কাট্বে —তাদের সব সার-বন্দী করে দাঁড় করানো হ'ল।

গ্রামের ব্যাপার—ছেলেরা সব মাল কোঁচা দিয়ে এসে দাড়িয়েছে—ঠিক এমন সময় দেখা গেল স্থইমিং কণ্টিউম্পরে খোকা লাফাতে লাফাতে এসে হাজির।

ছেলেদের সবার মুখ একেবারে হাঁ হ'য়ে গেল। খোকাকে ত' কেউ কোনোদিন সাঁতারের কসরৎ করতে দেখেনি। তাই তাদের বিস্ময়ের আর পরিসীমা

ভূতো বল্লে, কিরে খোকা ? তুইও সাঁতারে নামবি নাকি ?

दृहेल ना।

—নাম্বো বৈকি! বলেই খোকা গামছাটা কোমরে জড়িয়ে জলে এসে নাম্লো।

হেড্ মাক্টার মশাই চেঁচিয়ে উঠে বল্লেন, এইবার যে যার কাপড় চোপড় ঠিক করে নাও,—মাঝ পুরুরে গিয়ে পায়ের সঙ্গে জড়িয়ে না যায়। দশ মিনিট সময় দেয়া গেল, শিগ্গীর।

খোকা সেই ফাঁকে তার একটি বাহনকে হাতছানি দিয়ে কাছে ডেকে নিয়ে এসে কানে কানে ফিস্ ফিস্ করে বল্লে, দেখ শিগ্গীর গিয়ে পুকুরের ওপার থেকে লুকিয়ে একটা শাপ্লা নিয়ে আয়তো!

ছেলেটি অবাক্ হ'য়ে বল্লে, শাপ্লা? শাপ্লায় কি করবি ?

খোকা মুখে চাবি লাগিয়ে বল্লে, চুপ! কথা নয়। কিন্তু একটি শাপ্লা আমায় লুকিয়ে এনে দে। ছেলেটা আর দ্বিক্তি না করে তার কথা মত চলে গেল।

তারপর হৈ-হৈ চীৎকার—বংশী-ধ্বনি—মেয়েদের উল্লাসের ভেতর দিয়ে ছেলেরা রওনা হ'ল।

রওনা হ'ল মানে ডুব্ল। কারণ ডুব সাঁতারে— গিয়ে আবার ড়ব সাঁতারেই ফিরে আসতে হ'বে।

কিন্তু অবাক্ কাণ্ড।

সকলের আগে ফিরে এল খোকা। সেই সঙ্গে ছেলেদের সমবেত চীৎকারে ঘাট্লায় কান পাতে কার সাধ্যি!

হাঁপাতে হাঁপাতে খোকা হাত বাড়িয়ে হেড্ মাফীরের হাতে শাপ্লা ফুলটি তুলে দিলে।

–আঠাতরা–

ভূতো ছুট্তে ছুট্তে এসে বল্লে—যাক্ এইবার নিশ্চিন্ত হওয়া গেল।

ধোকা বল্লে, কেন, কিসে তোর ঘুম হচ্ছিল না শুনি ?

ভূতো হাত দিয়ে তাকে থামিয়ে দিয়ে বল্লে, দাড়া আগে ভালে। করে নিঃখাস নিতে দে। এই বলে খপ্করে খাটের ওপর বসে একটা লম্বা আ্যাট্লাস দিয়ে হাওয়া খেতে লাগ্লো।

তারপর পকেট থেকে ক্রমাল বের করে কপালের
যামটা মুছে কেলে বল্লে, এদ্দিন ত' তোদের পরামশে
রাজেনকে আমাদের ওখানে লুকিয়ে রেখেছিলাম।
রেখেছিলাম বটে—কিন্তু সব স্ময় বুকটা ছক্র হক্র
করত' কখন ধরা পড়ে যাই। এইবার একেবারে
নিশ্চিন্দি!

গোবিন্দ বল্লে, কিন্তু নিশ্চিন্দিটা কিসে হ'ল শুনি ?
ভূতো বল্লে, আরে সেই কথাই ত' তোদের বল্তে
ছুটে এলাম। তারপর আবার আটি্লাস্ খানা ভূলে
নিলে।

খোকা বল্লে, ভণিতা রেখে আসল কথাটা খুলে বল দেখি—

ভূতো আর একবার হাঁফ্ ছেড়ে বল্লে, আজ হঠাৎ ওর মামার চিঠি পেয়ে রাজেন মজঃফরপুর চলে গেল। এখানে আর ওদের থাকা হ'বে না। ও এখন থেকে মজঃফরপুরেই পড়বে।

খবরটা মুখরোচক। বিশেষতঃ হেড্মাফীরের কাছে ধরা পড়বার আর কোনো ভয়ই রইল না।

সবাই এক সঙ্গে চীৎকার করে উঠ্ল—জর্রে—॥!
থোকা তড়াক্ করে লাফিয়ে উঠে বল্লে, আর এক
মজা করা যাক্।

গঙ্গা বল্লে, মজাটা কি শুনি ?

খোকার মাথায় তখন চমৎকার একটা বুদ্ধি গজিয়েছে—তাই চোখ ডুটো হ'য়ে উঠেছে উজ্জ্বল।

বল্লে, ভূতো ! হঁযা—ভোকেই গিয়ে খবর দিতে হ'বে—

ভূতো অবাক্ হ'য়ে বলে, কাকে ? খোকা তাভিলোর হাসি হেসে বলে, কাকে আবার! ঐ হেড্মাফার মশাইকে—

ভূতো ভয় পেয়ে বল্লে, কি সর্ববনাশ! আমি গিয়ে

বল্ব—রাজেন আমাদের ওখানেই লুকিয়ে ছিল— মরে নি ?

খোকা তার পিঠ চাপ্ড়ে দিয়ে বল্লে, নারে— পাগ্লা, না। তুই গিয়ে বল্বি কাল রাভিরে রাজেনদের খালি বাড়ীটার পাশ দিয়ে যাচ্ছিলুম—দেখি রাজেনের প্রেতাত্মা অন্ধকারের ভেতর দিয়ে খোরাফেরা করে বেড়াচ্ছে।

ভূতো লাফিয়ে উঠে বল্লে, না বাবা—আমি আর ওর ভেতর নেই। একটা বিপদ কাটিয়ে উঠে সবে হাঁফ্ ছেড়ে বেঁচেছি আবার!—এই নাকে কানে খত —এই কান মলা।

খোকা তাকে ধমক্ দিয়ে উঠে বল্লে, দূর বোকা!

কুই ত' খবর দিয়েই খালাস। ভূত সাজ্বো আমি—
তোরা শুধু মজা দেখ্বি বৈ ত' নয়। সেদিন হেড্
মান্টার নশাই আমাদের সঙ্গে শাশানে যেতে চেয়ে খুব
বীরঃ দেখিয়েছিল—এইবার বাছাধনকে একটু ভূত
দেখিয়ে দিতে হ'বে—

ভূতো ভয় পেলো বটে, কিন্তু দলের সবাই উৎসাহিত হ'য়ে উঠ্ব।

তারা ভূতোকে ঠ্যালা দিয়ে তুলে বল্লে, যা না

ভূতো—তুই ত' খবর দিয়েই খালাস। বেশ মজা হবে'খন। যেমন সেদিন আমাদের রাত্তিরে অন্ধকারের ভেতর ছুটিয়েছিল তার উচিত সাজা এইবার পাবে।

ভূতো কি আর করে দলকে ত' আর চটাতে পারে না শেষকালে নতুন কি ক্যাসাদে ফেল্বে! তার চাইতে মানে মানে খবরটা দিয়ে দেয়াই ভালো!

মুখখানা ছোট করে ভূতো উঠে গেল।

খোকা যা চেয়েছিল তাই।

হেড্ মাফার মশাই ভূতোকে বলেছেন—তাকে নিয়ে আজ রাহ্রির রাজেনদের খালি বাড়ীতে প্রেতালা দেখতে যাবেন।

ভূতো প্রায় কাঁদো কাঁদো হ'য়ে বল্লে. এখন আমি কি করি বলত ? কোন্ স্যাওড়া গাছ দেখিয়ে বল্ব— এইটেই রাজেনের প্রেভাতা ?

খোকা তার পিঠ্টা ভালো করে চাপ্ড়ে বল্লে, কোনো ভয় নেইরে ভূতো—কাল রাভিরে দেখিস্ নি বটে, কিন্তু আজ তোদের রাজেনের প্রেভালা দর্শন ঘট্বে।

রামে মারলেও মারবে—রাবণে মার্লেও তাই।

একটু বেশী রাত হ'তেই ভূতো হুর্গা বলে হেড্ মান্টার মশাইকে নিয়ে বেরিয়ে পড়ল।

রাজেনদের বাড়ীর কাছে পৌছতেই ভূতোর বুকটা ভয়ে হর হর করতৈ লাগ্লো। ভূতের ভয়ে নয়—ভূত যদি দেখা না দেয় তারি চশ্চিন্তায়।

কিন্তু অবাক্ কাণ্ড।

উঠানের আমগাছের কাঁক দিয়ে চমৎকার জ্যোৎস্না পড়েছে। সে আলো-আঁধারির মাঝখানে ইহা উঁচু একটা দেহ হেঁটে বেড়াচ্ছে। কোনো মানুষ এত লম্বা হ'তে পারে না। দেহটা পা থেকে মাথা অবধি সাদা ধব্ধবে কাপড়ে ঢাকা।


তারা হ'জনে আর একটু এগোতেই সেই লম্বা— বিরাট প্রেতাত্মাটি তাদের হাতছানি দিয়ে ডাক্লে।

হেড্ মান্টারের চোখ তখনো সেদিকে পড়েনি। কিন্তু ভূতোর ততক্ষণে কথা বন্ধ হ'য়ে গেছে।

त्म इँ—-इँ—-इँ ्—-इँ ्र भक करत ॐधू व्याञ्चल तिरा । त्म हे निकृति राजिस्त निर्मा !

সেই প্রেতাত্মার দিকে নম্বর পড়তেই এক ভীষণ চীৎকার করে হেড্ মাফার মশাই ভূতোকে ঠেলে ফেলে দিয়ে দে লম্বা ছুট্।

ভূতো প্রাণের ভয়ে তথন মাটিতে পড়ে গড়াচ্ছে। সঙ্গে সঙ্গে প্রেতাত্মাটি খিল্ খিল্ করে বিকট হাসি হাস্তে লাগ্লো।



তারপর আবো আশ্চর্যা ব্যাপার! এক মূহ র্ত্তর ভেতর দেহের ওপর থেকে সাদা কাপড়টা খনে পড়ে গেল।

দেখা গেল, খোকা মাথার ওপর ছটো হাত উঁচ্
করে একটা কলসী উপুড় করে ধরে রেখেছে। তার
ওপর কাপড়ের ঢাক্নি পড়ায়—কলসীর পেটটাকে
দেখাচ্ছিল ভূতের মাথা—আর সমস্তটা নিয়ে প্রেতাত্নার
দেহটাকে মনে হচ্ছিল বিরাট লম্বা।

এইবার মানুষ ভূতটা খিল্ খিল্ করে হেসে বল্লে, কিরে ভন্ন পেলি নাকি ?

ভূতো প্রথমটা কথা কইলে না, তারপর একটা ঢোঁক গিলে বল্লে, মাটীতে পড়ে গিয়ে আমার নতুন জামাটা একেবারে ছিঁড়ে গেছে—এর দাম দিতে হ'বে কিন্তু—হাঁয় তা' বলে দিচ্ছি—

—উনিশ—

ভূতোর বোনের বিয়ে। দিন স্থির। গ্রামে একেবারে হৈ চৈ।

বহুদিন বাদে আমোদ প্রমোদ করবার স্তথাগ পাওয়া গেছে। ভূতোর সহপাঠী বন্ধুদের উৎসাহ সব চাইতে বেশী।

তারা সবাই এখন থেকেই দল পাকিয়ে জটলা কচ্ছে বিয়েতে কোন দলকে বায়না করা যায়—

কিন্তু যাত্রার নামে খোকা তেমন বেশী কিছু উৎসাহ দেখায় না। ভারিকি চালে বল্লে, ওসব ছেলে ছোক্রার কাজ।

আমাদের ত' শুধু আমোদে মেতে থাক্লেই চল্বে
না, লোক জনের খাওয়া দাওয়া যাতে ভালো হয়—
সেদিকে নঙ্গর দিতে হবে—ভূতোর বোনের বিয়েও ষা
—আমাদের নিজের ছোট বোনের বিয়েও তাই। শুধু
পাশ কাটিয়ে যাত্রা দেখে রাত জাগ্লে চল্বে কেন!—
কাজ করতে হবে স্বাইকে—বুঝ্লে কাজ। খোকার
মুখে এই ধরণের কথা শুনে স্বাই অবাক্ হ'য়ে এ-ওর

মুখ চাওয়া-চাওয়ি করতে লাগলো—তার এ স্থমতি হ'ল কবে থেকে ?

পর দিন খোকাই অগ্রণী হ'রে ভূতোর বাপের কাছে গিয়ে বল্লে, ভূতোর বোনের বিয়ে ত' আমাদের নিজের বোনের বিয়ের মতো, আমরা ভূতোর বন্ধুর দল প্রাণ দিয়ে এ বিয়েতে খাট্বো।

ভূতোর বুড়ো বাপ ব্যস্ত-বাগীশ লোক, টাকাওয়ালা মানুষ—কিন্তু কি দিয়ে কি করবেন কিছুই স্থির করতে না পেরে ভয়ানক উতলা হ'রে উঠেছিলেন।

খোকার কথা শুনে তিনি ভারী খুসী হ'লেন— হাতের মুঠোর ভেতর চাঁদ পাওয়ার মতো।

বল্লেন, বোসো বাবা—বোসো। তোমার কথা শুনে ভারী খুসী হ'লুম। এ ত' বাবা ছেলে ছোক্রারই কাজ। খাট্বে বৈ কি বাবা। তোমাদের হাতেই সব কাজ ছেড়ে দিয়ে আমি নিশ্চিন্ত মনে হাঁক্ ছেড়ে বাঁচ্বো।

তারপর দেই বুড়োর সাম্নে বসেই যে যার কাজ ভাগ করে নিলে।

খোকা নিলে—মিষ্টির ভাগুার রক্ষা করবার ভার।

5' একটি ছেলে চোখ টেপা-টেপী করে বল্লে,

এতক্ষণে খোকার এত কাজ করবার আগ্রহের কারণ বোঝা গেল।

এ স্বেচ্ছাসেবক বাহিনীর দলপতি হ'ল খোকা নিব্দে।

নিতাইয়ের ওপর ভার পড়েছিল মেছুণীরা বেখানে মাছ কুট্বে সেইখানে বসে চোখ রাখা, যাতে কেউ মাছের টুক্রো আঁচলের তলায় লুকিয়ে নিতে না পারে।

আর বাঞ্চার কাজ ছিল তারা ধখন মাছ ধুতে ঘাটে যাবে—ও যাবে সঙ্গে সঙ্গে। পাছে ওখানে মেছুণীরা কোনো মাছ সরিয়ে ফেলে।

নিতাই আপন মনে বসে মাছ কোটা দেখ্ছিল—
বাঞ্ছা হস্তদন্ত হ'য়ে বসে বল্লে, পারিনে আর বাপু
ওদের সঙ্গে ঘোরাঘুরি করতে!

নিতাই বল্লে,—তোর আবার কি হ'ল ? বাঞ্চা চটে উঠে বল্লে, কি হ'ল ? তারপর পায়ের দিকে আঙ্গুল দিয়ে দেখিয়ে গলাটা আরো চড়িয়ে দিয়ে বল্লে, মাগীরা জলে নেমে ঘাট্লার ফাঁকে ফাঁকে মাছের টুক্রো লুকিয়ে আসে। আগে থেকে লোক ঠিক থাকে—আমরা চলে আস্তেই তারা জলে নেমে সেই মাছ তুলে নিয়ে পালিয়ে যায়।

—তাই এবার ঘাট্লার ওপর দাঁড়িয়ে না থেকে নিজেই নেমেছিলাম জলে, কিন্তু এক ব্যাটা কাঁ্যাক্ড়া এমন করে আঙ্গুলটা কাম্ডে ধরলে যে, ছাড়ায় কার সাধ্য। দেখ্ত কেমন রক্ত পড়ছে!

নিতাই বল্লে, তাই ত'রে। তা এক কাজ কর। খানিকটা গাঁদার পাতা হাতে ঘষে ঐখানটায় লাগিয়ে দৈ—এক্ষ্ণি রক্ত পড়া বন্ধ হ'য়ে যাবে।

বাঞ্জা বল্লে, তা' না হয় দিলুম, কিন্তু খোকা মেঠায়ের ভাণ্ডারে বসে বসে কি কচ্ছে, সে একবার আমায় দেখ তেই হ'বে।

তক্ষ্ণি স্থযোগও জুটে গেল। ভূতোর ছোট ভাই এসে বল্লে, বাঞ্ছাদা বাড়ীর ভেতর ঠাকুর মশাই স্নান করে উঠে জল খাবেন—মা বল্লেন কিছু কাঁচাগোল্লা আর মিহিদানা আন্তে—

ওদিকে ত' ভয়ানক ভীড়। কাঙ্গাণী বিদায় হ'চ্ছে
—তুমি একটা মাল্সায় করে খোকাদার কাছ থেকে
এনে দাও না—

বাঞ্ছা বল্লে, আচ্ছা, তুই এখানে দাঁড়া, আমি নিয়ে আস্ছি—

ভীড় ঠেলে—ভাণ্ডারে পৌছতেই খোকা বাঞ্চাকে

কণজন্ম

দেখে উৎসাহিত হ'য়ে উঠ্ল। ভীড়ের দিকে উদ্দেশ্য করে বল্লে, এইবার তোমরা এখন যাও—ঠাকুর মশায়দের জল খাবার পাঠাতে হ'বে।

আত্তে আত্তে ভীড় কমে যেতে হর খালি হ'রে গেল।
তাড়াতাতি এক মাল্সা খাবার সাজিরে বাঞ্চার
হাতে তুলে দিয়ে খোকা বল্লে, যা শিগ্গীর—ঠাকুর
মশাই হয়ত বদে আছেন—

বাঞ্চা চোথ টিপে বল্লে, আরে থাকুন বসে এদিকে ক্ষিদেয় পেটের নাড়ী জল্ছে—দে ত' গোটা তুয়েক কাঁচা গোলা আমার মুখে পুরে—

খোকা জিব্ কেটে বল্লে, বলিস কি রে বাঞ্চা— সমস্ত মেঠায়ের ভার আমার ওপর। ভূতোর বাপের Slip ছাড়া একটি রসগোল্লাও আমি কারো হাতে তুলে দিতে পারবো না—

বলে একরকম জোর করেই বাঞ্চাকে ঠেলে বাইরে বের করে দিলে।

খোকা এই সুযোগেরই প্রতীক্ষা কর্চ্ছিল।

এতক্ষণ কাঙালী বিদায়ের গাধার খাটুনি খেটে— ক্ষিদেও বেশ জমে এসেছে। এদিক ওদিক তাকিয়ে দেখলে কেউ কোথাও নেই।

বুঝ লে স্থযোগ হ'বার আসে না—টপ্ করে এক ধাবা মিহিদানা তুলে নিয়ে ষেই মুখে পুরতে যাবে— ঠিক সেই মুহুর্তে ভূতোর বাবা এসে ভাণ্ডারে চুক্লেন।



খোকা ভাড়াভাড়ি মুখটাকে কুইনিন খাওয়ার মতো চেহারা করে বলে উঠ্লে—একেবারে এর দাম দেবেন

না আপনি। মিহিদানা করে রেখেছে একেবারে তেতো বিষ। ভালো মানুষ পেয়ে আপনাকে ঠকাবার মতলব! একটি পয়সা দেবেন না। বলেই হাতের মিহিদানা গুলো জান্লা গলিয়ে বাইরে ফেলে দিলে। খোকার কাগু দেখে ভূতোর বাবা অবাক্ হ'য়ে তার মুখের দিকে তাকিয়ে থাক্লেন।

– বিশ–

একদিন চৌধুরী বাবু খোকাকে ডেকে বল্লেন, দেখ, তোমার বিরুদ্ধে নালিশ শুন্তে শুন্তে আমি একেবারে হয়রাণ হয়ে পড়লাম। গাঁয়ে আর তোমার থাকা চল্বে না।

কল্কাতায় যাও সেখানে গিয়ে—মাসীর বাসায় থেকে পড়াশুনা কর।

কণ্ডার এই আদেশ যখন অন্দর মহলে গিয়ে পৌছল—তখন স্থক হ'ল প্রলয়।

গিনী শ্যা নিলেন, বল্লেন, ও যদি আমার চোখের আড়ালে যায়—তবে আমি আত্মবাতী হ'ব।

পিসীমা শুনে বল্লেন, ওমা! এমন অলুক্ষুণে কথা ত'বাপের জন্মে কখনো শুনি-নি গো!

— দশটা নয়—পাঁচটা নয়—একমাত্র বংশের প্রদীপ
—কুল-তিলক—তাকে সাত সমুদ্দুর তের নদীর
ওপার পাঠিয়ে ঘরে মন তিঠিবে কি করে! হেই
মা কালী তোমায় জোড়া মোষ মানত কচ্ছি, আমার
ভাইয়ের মতি-গতি ভালো করে দাও!

ক্ষ্যান্ত বি জ্বস্ত উনুনে এক বাল্তি জ্ব ঢেবে দিয়ে বল্বে, মরণ আর কি! ছথের বাছা যাবে— বাড়া ছেড়ে, আমাদের আবার পেটের জালায় রানা বানা উঠ্ছে। মরণও হয়না আমাদের! এই বলে সে ভেউ ভেউ করে কাঁদতে স্কুক করবে।

খোকার দিদি বল্লে, আমি তোমায় বলে রাখ্ছি ঠাক্মা—খোকাকে যদি কল্কাতা পাঠিয়ে দেয়া হয়— আমিও আর কিছুতেই এখানে থাক্বো না। যদি জোর করে ধরে রাখো, তবে গয়না-গাটি সাড়িজামা যা আছে সব বেঁধে পুকুরের জলে ফেলে দেবো।

বাইরের বাড়ী থেকে গোমস্তার দল অন্দরে এসে বল্লে—আমাদের জবাব দিয়ে দিন মা'ঠান, খোকাই যদি চলে গেল আমরা এ শূল্য পুরীতে থাক্তে পারবো না।

রাজ্যে এই বিদ্রোহের ভাব দেখে চৌধুরী মশাই ঘন ঘন গড়গড়ার নল টান্তে লাগলেন।

যথা সময়ে থোকার চ্যালা-চামুগু দলেও গিয়ে এ সংবাদ পৌছুলো।

তারা সবাই মাথায় হাত দিয়ে বসে পড়ল। খোকাই যদি চলে যায় ত'দল একেবারে কাণা! কেইবা—
তাদের ছফুমির রসদ জোগাবে!

বোসেদের বাগানে চমৎকার এক কাঁদি মর্ত্রমান কলা পেকে আছে, খোকা না থাক্বে তার সৎব্যবহার করাও ত মুক্ষিল।

খোকা মাথা চুল্কে বল্লে, এক কাজ করলে হয়ত আমার যাওয়া বন্ধ হতে পারে।

সবাই লাফিয়ে উঠে বল্লে কি রে—কি? খোকা তাদের সবাইকে ইসারা করে থামিয়ে দিয়ে ৰল্লে, চুপ্। তারপর ফিস্ ফিস্ করে জানালে—ভূতের ভয় বাবার বড্ড বেশী।

ভূতোর উৎসাহ সবার উপরে। বল্লে ভূত ?

নাম আমার ভূতো—আমার মতো কেউ ভূত সাজতে
পারবে না। কিন্তু কি করতে হবে আমায় বল।

থোকা বল্লে, চ্যাচাস্ নে ভূতো—আন্তে কথা বল— শোন্—তুই ভূত সেজে আমাদের বৈঠকখানা ঘরে লুকিয়ে থাক্বি। সন্ধ্যের পর বাবা রোজ ওখানে বসে চিঠি পত্র লেখে। হঠাৎ পেছন থেকে মরা-কান্না স্তরুক করবি—আর দেখতে হবে না—

সবাই মহা উৎসাহিত হয়ে উঠল। গদাই বল্লে, তা হ'লে কি হবে বলনা!

খোকা বল্লে, একে ত' বাবারও ভয়ানক ভূতের

ভয় —! তার ওপর—নিরালা সন্ধ্যায় মরা কান্না শুনে মনে করবে—নিশ্চয়ই—বাড়ীতে কোনো অমঙ্গল হ'বে। তথন কি আর আমায় বাড়ী ছেডে যেতে দেবে ?

অনেক বৃদ্ধি পরামর্শ করে তাই স্থির হ'ল।
সন্ধ্যের মুখে ভূতো এসে লুকিয়ে থাক্বে—তারপর
যা—যা ঘটুবে—সে পরের কথা।

এদিকে চৌধুরী মশাই সেই দিনই খোকার কল্কাত! যাওয়ার সমস্ত ব্যবস্থা করেছেন।

অন্দরে বিপ্লব স্কুহ'তে পারে মনে করে আগে কিছু জানান নি। স্থির করেছেন সন্ধ্যের পর নৌকো করে রওনা করিয়ে দিলে পরের দিন সকালবেলা ঠিক সময় ও ঠীমার ধরতে পারবে।

ঠিক সন্ধ্যের শময় ভূতো এসে চুপি চুপি খোকার সঙ্গে দেখা করলে। খোকা তাকে নিয়ে—তাদের অন্ধকার বৈঠকখানায় চুক্লো। কর্ত্তা না এলে ত' চাকর ঘরে আলো জাল্বে না।

সকালে দিনের আলোতে ভূতো খুব বড়াই করে-ছিল বটে, কিন্তু ঐ অন্ধকার ঘরে একা লুকিয়ে থাক্তে সে তথন ইতস্তঃ করতে লাগ্লো।

খোকা বল্লে, আচ্ছা, ভয় পাস্নি ভূতো, আমিও তোর সঙ্গে থাক্চি।



ঘরে একটা লম্বা পর্দ্দা ঝুল্ছিল—ত্ব'জনে গুটি গুটি তারই আড়ালে গিয়ে লুকিয়ে রইল।

>8৫

50

কণজন্ম

অনেকক্ষণ কাট্লো—নাঃ—কারো দেখা নেই!
এদিকে মশায় কাম্ড়ে তাদের দেহ হুটিকে বেশ পুরুষ্টু
করে তুল্লো। তবু কেউ আসে না!

হঠাং—হাঁা কে যেন আস্ছে—তার পায়ের শক শোনা গেল।

হাা, নিশ্চরই চৌধুরী মশায়। ওরা তৈরী হয়েই ছিল। ঘরে ঢোকার সঙ্গে সঙ্গে ত্র'জনের সে কী মরা কালা!

* . .

সেই শব্দ শুনে মূর্ত্তিটি প্রথমটা একটু থম্কে দাড়াল, তারপর গিয়ে পর্দ্ধা সরিয়ে হুজনের কান পাক্ড়ে ধরল।

চ্যাঁচামেচি শুনে বাড়ীর চাকরটা লগ্ঠন হাতে ছুটে আস্তেই দেখা গেল ইস্কুলের হেড্মাষ্টার মশাই ভূতো আর খোকার কান পাক্ড়ে—হিড় হিড় করে ঘরের বাইরে নিয়ে আস্ছেন। কি কাজে তিনি চৌধুরী মশায়ের সঙ্গে দেখা করতে এসেছিলেন।

ঠিক এই সময় চৌধুরী মশাইও কোখেকে বেড়িয়ে ফিরলেন।

তিনি চেঁচিয়ে বল্লেন—হেড্মাষ্টার মশাই, ভূতোটাকে ছেড়ে দিন। আর আপনার ঐ গুণধর ছাত্রটির কাণ ছাড়বেন না। ঘাটে নৌকা প্রস্তুত— একে বারে হিড় হিড় করে—তারই ওপর—

ক্ষণজন্মা খোকার গ্রামের লীলা খেলা সেইদিনই ফুরুল!



—**েশ্য**—